৮৪। হলদিয়া মৌরিগ্রামে কী সংরক্ষণ করা হয় — তেল।

৮৫। ডুয়ার্সের স্থানীয় নাম কী — মোরং।

৮৬। ভারতের খনিজ তেল প্রথম কোথায় আবিষ্কৃত হয় — ডিগবয়।

৮৭। নিরক্ষরেখায় পৃথিবীর গতিবেগ কত — ঘণ্টায় ১,৬৩০ কিলোমিটার।

৮৮। আবর্তন গতির অন্য নাম কী — আহ্নিক গতি।

৮৯। বছরের কোন দিনটি 'জলবিষুব' নামে পরিচিত — ২৩ সেপ্টেম্বর।

৯০। গঙ্গা নদীর দৈর্ঘ্য কত — ২,৫১০ কিলোমিটার।

৯১। গ্রাফাইট কোন শিলার রূপান্তর — পাললিক শিলার।

৯২। হর্নব্লেন্ড কোন জাতীয় শিলা — রূপান্তরিত।

৯৩। নদীখাত খুব সংকীর্ণ ও গভীর হলে তাকে কী বলে — মিয়েন্ডার।

৯৪। হিমবাহের ক্ষয়কার্যের ফলে কোন হ্রদ সৃষ্টি হয় — করি হ্রদ।

৯৫। লুনি নদী কোথায় পড়েছে — কচ্ছের রাণ অঞ্চলে।

৯৬। ভারতের উচ্চতম জলপ্রপাতের নাম কী — গারসোপ্পা/যোগ।

৯৭। শাল, সেগুন, চন্দন প্রভৃতি গাছ কী জাতীয় বনভূমির অন্তর্গত — পর্ণমোচী বনভূমি।

৯৮। বায়ুর চাপ কোন যন্ত্রের সাহায্যে মাপা হয় — ব্যারোমিটার।

৯৯। 'হ্যারিকেন' কী — পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জের ক্রান্তীয় ঘূর্ণবাত।

১০০। বায়ুমণ্ডলে শতকরা কত ভাগ নাইট্রোজেন থাকে — শতকরা ৭৮ ভাগ।

**সঙ্কলক : পলি দেওয়ান**

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল

[illegible]


অল্প খরচে মাসিক বেতনে সরকারি চাকরির ট্রেনিং শুরু করতে চলেছে 'grassroot'

[illegible] SSC CGL, WBCS, Bank, Rail, [illegible] Private Tuition [illegible] 'grassroot'. Math, GI, Eng, GK [illegible] Individual Subject [illegible] complete preparation [illegible] 'grassroot' [illegible] classroom facility [illegible] online / offline mock, everyday evaluation test, library [illegible] 7980319138, [illegible] 7427927701, [illegible] 9051566555.


নির্বাচিত কয়েকটি হাসপাতালে। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে বুকের এক্স-রে ও শরীরের অন্যান্য পরীক্ষা করা হবে। সব শেষে ক্যারেক্টার ভেরিফিকেশন হবে। মনোনীত হলে পুলিশ ট্রেনিং স্কুলে ট্রেনিংয়ের জন্য পাঠানো হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

অনলাইনে দরখাস্ত করবেন, [illegible] এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে: www.policewb.gov.in [illegible] একটি ই-মেল আই ডি থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো (১০-৫০ কে.বি.'র মধ্যে) ও সিগনেচার (৫-২০ কে.বি.'র মধ্যে) স্ক্যান করে নেবেন। ফটোর মাপ হতে হবে ৪.৫×৩.৫ সেমি আর সিগনেচার ১.৭×৯.২ সেমির মধ্যে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১৭০ (তপশিলী হলে ২০) টাকা নেট ব্যাঙ্কিং / ডেবিট কার্ড / ক্রেডিট কার্ডের মাধ্যমে জমা দেবেন। এজন্য সার্ভিস চার্জ বাবদ অতিরিক্ত ৫ টাকা দিতে হবে। এরপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর সহ রিসিপ্ট তৈরি হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তাতে যে রেজিস্ট্রেশন নম্বর থাকবে তা যত্ন করে রেখে দিতে হবে।

এছাড়াও সহজ মিত্র কেন্দ্রের মাধ্যমে দরখাস্ত করতে পারবেন। গ্রাম পঞ্চায়েত এলাকায় কোথায় কোথায় সহজ মিত্র কেন্দ্র আছে তা ওয়েবসাইটে জানতে পারবেন। এজন্য সহজ মিত্র কেন্দ্রের কর্মীকে অতিরিক্ত ২৩ টাকা দিতে হবে। সহজ মিত্র কেন্দ্রের মাধ্যমে পূরণ করতে কোনো অসুবিধা হলে সরাসরি ফোন করুন এই নম্বরে : (০৩৩)-২৩৩৭১৪০২, হেল্প লাইন - ১৮০০৪১৯০২৫০।

এছাড়াও অনলাইনে দরখাস্ত করে পরীক্ষার ফী'র টাকা ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় চালানের মাধ্যমে জমা দিতে পারবেন। অনলাইনে দরখাস্ত করার পর চালান ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নেবেন।

পোস্ট অফিসের মাধ্যমে টাকা জমা দেওয়ার বিষয়ে প্রথমে ঠিক থাকলেও পরে তা বাতিল করা হয়। তাই প্রার্থীরা এবার পোস্ট অফিসের মাধ্যমে টাকা জমা দিতে পারবেন না। ফর্ম পূরণ করতে কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : ৭০৪৪১০৮৬৮৯, ৭০৪৪১০৯৩৪৬। ই-মেল: wbprbonline@applythrunet.co.in


পুলিশে কনস্টেবল ও S.I
লেডি কনস্টেবল, রেলে গ্রুপ 'ডি'
S.I Food, Rail NTPC
যেকোনো প্রতিযোগিতামূলক পরীক্ষার নিশ্চিত চাকরির সেরা ঠিকানা
NBCE'র আকর্ষণীয় কম্পিউটার কোর্স
DICS সুভাষগ্রাম 8420602518

সরকারি চাকরির প্রস্তুতি এখন সবথেকে কম খরচে একমাত্র
ক্যামেলিয়া
WBCS, RAIL, Constable & SI
MATH, ENG, GI
শিয়ালদহ 9007030126 /140
যাদবপুর 9163302892
বেলঘরিয়া 03325442659
ব্যারাকপুর 03325933825
নৈহাটি 03325804976
দমদম 9143656400
কম্পিটিশন সাকসেস গাইড

100% প্রস্তুতি ও চাকরি
কোর্স ফি স্বল্প, অথচ 1 নং ফ্যাকাল্টি। সপ্তাহে 4 দিন ক্লাস।
কোর্স ফি
• রেল গ্রুপ-ডি : 3200
• রেল টেকনিশিয়ান : 3500
• লেডি কনস্টেবল : 3500
• কলকাতা/বেঙ্গল পুলিশ : 3500
• RPF / CRPF : 3500
• স্পেশাল কম্বাইন্ড : 3200
• WBCS : 15500
NICE EDUCATION
চাঁদপাড়া, স্টেশন রোড, উত্তর ২৪ পরগনা।
M.:9733727529 / 8370860661

Paschim Banga Society of Skill Development
PBSSD
Govt. Sponsored Training & Placement Opportunity on Solar Panel Installation Technician Course
Certification by State Govt.
Age 18 to 35 | Qualification H.S./I.T.I./Diploma/Graduate
LIMITED SEATS
Call 9836050819, 9836724222, 9051555298
Salt Lake, Sector V, College More, 700091

MODERN VOCATIONAL (PVT.) INDUSTRIAL TRAINING INSTITUTE
RAIL BRIDGE ROAD, GOBARDANGA, NORTH 24 PARGANAS
Affiliated by : NCVT (Govt of India) DGE & T, Ministry of labour & Employment
Accredited by : Quality Council of India (QCI), NABET
An ISO 29990 : 2010 Certified Institution



TRADES
FITTER
SURVEYOR
ELECTRICIAN
HEALTH SANITARY INSPECTOR
DESKTOP PUBLISHING OPERATOR

● ভারত সরকার এবং Quality Council of India (QCI) দ্বারা স্বীকৃত, ISO 29990 : 2010 Certified Institution এবং ছাত্র-ছাত্রীরা 'উৎকর্ষ বাংলা' পুরস্কার পুরস্কৃত পশ্চিমবঙ্গের একটি অন্যতম অত্যাধুনিক ITI
● ৩০ বছরের ও বেশি প্রশিক্ষণের অভিজ্ঞতা যাহা সময়ের সাথে সাথে প্রমাণিত।
● অত্যাধুনিক শিক্ষণ পরিকাঠামো এবং অত্যাধুনিক Practical Workshop
● ছাত্র/ছাত্রীদের জন্য Hostel, Cafeteria, Gym, Indoor Games এবং Library এর সুবিধা।
● নিশ্চয় Campus interview এর মাধ্যমে কর্ম সংস্থানের সুযোগ।
● সম্পূর্ণ রূপে WiFi দ্বারা সুসজ্জিত অত্যাধুনিক।

ITI এর কোর্সে নিশ্চিত চাকরির সম্ভাবনা
হেলথ স্যানিটারী ইন্সপেক্টর (H.S.I.)

কোর্সটি বর্তমানে অত্যন্ত চাকুরীমুখী একটি কোর্স যা কেমিস্ট্রি নিয়ে পড়া স্নাতকদের সামনে চাকুরির এক বিপুল সম্ভাবনাকে উজ্জীবিত করে। কারণ হিসাবে বলি, অনেক পৌরসভা, পঞ্চায়েত কর্পোরেশন এর বিভিন্ন হেলথ প্রোজেক্ট যেমন T.B., Leprosy control এর বিভিন্ন Programme -এ হেলথ স্যানিটারী ইন্সপেক্টর কোর্স করা ছেলেমেয়েদের চাহিদা বাড়ছে। সেই সাথে কেন্দ্রীয় সরকারের Gun Shell দপ্তর, রেলের এবং ভারতীয় সেনাবাহিনীর সর্বত্রই NCVT -র হেলথ স্যানিটারী ইন্সপেক্টর কোর্স করা ছাত্র-ছাত্রীর চাহিদা প্রচুর। কোর্সটি তথাকথিত বহুল প্রচলিত কোর্স নয় এবং NCVT, DGE &T, Ministry of Labour & employment, Government of India -র স্বীকৃত এই বিরল কোর্সটি গোবরডাঙ্গা ITI MVITI তে প্রশিক্ষণ দেওয়া হয়। অপ্রতুল অথবা স্বীকৃত প্রতিষ্ঠানের অভাবে বিভিন্ন মাধ্যমে এর বিজ্ঞাপন থাকে না এবং হাটে বাজারে, প্লাটফর্মে অথবা বাসস্টপের দেওয়ালে কোর্সটির নামও দেখা যায় না। পশ্চিমবঙ্গের কেবলমাত্র গুটিকয়েক NCVT স্বীকৃত ITI তে এই বিষয়ে প্রশিক্ষণ নেওয়া যায় বলেই HSI পাশ করা ছাত্র-ছাত্রীর সংখ্যা খুব নগন্য। কেমিস্ট্রি নিয়ে পড়া স্নাতক যারা এই কোর্সটিতে প্রশিক্ষিত হয়েছেন তাঁরা বোধহয় আজ কেউই বেকার নয় – সবাই প্রায় সরকারি চাকরিতে কর্মরত এবং গোবরডাঙার MVITI -এর থেকে পাশ করা এই Trade এর প্রতিটি ছাত্রছাত্রীই আজ কর্মরত। ছাত্রছাত্রীরা খোলা মাথায় চিন্তা করার একটি প্রসঙ্গ উত্থাপন করা যাক – তথাকথিত অত্যন্ত কমন কোর্স করে লক্ষ লক্ষ ছাত্রছাত্রীদের সাথে প্রতিযোগিতার আসরে না নেমে কয়েক জনের সাথে প্রতিযোগিতায় উত্তীর্ণ হওয়া সহজ নয় কি? সরকারী বা রেলে 'ম্যালেরিয়া ইন্সপেক্টর' এই পদে নিয়োগের বিজ্ঞাপন প্রায় প্রতিনিয়তই চোখে পড়ে এবং উপযুক্ত প্রার্থীর অভাবে বেশিরভাগ ক্ষেত্রেই পদগুলি শূন্য পড়ে থাকে, তাই ভাবুন, খোঁজ নিন এবং সিদ্ধান্ত নিন। বিজ্ঞান বিষয়ক স্নাতকদের সহজে এই ব্যতিক্রমী কোর্স করে চাকরি পাওয়ার এমন সুবর্ণ সুযোগ এই মুহূর্তে বোধ হয় আর হয় না।

* বিঃ দ্রঃ - হেলথ স্যানিটারি ইন্সপেক্টর, সার্ভেয়র এবং ডি.টি.পি. কোর্সে ছাত্রীদের জন্য বিশেষ আর্থিক ছাড়

CONTACT
9933980404
9732541779, 03216-249161
Join our WhatsApp Group
SCAN THE QR CODE WITH YOUR SMART PHONE AND FOLLOW US ON:
Skill India
Industrial Training Institute

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



মাধ্যমিক থেকে ডিগ্রি কোর্স যোগ্যতার ছেলেমেয়েদের জন্য

# খাদ্য প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনায় কাজের সুযোগ

**এই মুহূর্তে খাদ্য প্রক্রিয়াকরণ সবচেয়ে সম্ভাবনাময় শিল্প। এই শিল্পে চাকরি ও স্বনিযুক্তির সুযোগ নিয়ে এই প্রতিবেদনে আলোচনা করা হল।**



কেরিয়ার

**নিজস্ব প্রতিনিধি :** সারা বিশ্বজুড়ে খাবার নিয়ে নানান পরীক্ষানিরীক্ষা চলছে। আর এই প্রেক্ষাপটে ফুড সায়েন্স বা, ফুড ম্যানেজমেন্ট আজ এক গুরুত্বপূর্ণ পেশা হয়ে উঠেছে। অল্পশিক্ষিত থেকে মেধাবী ও উচ্চশিক্ষিত সব ধরনের ছেলেমেয়েরা এই পেশায় বিভিন্ন পদে বৈচিত্র্যময় কেরিয়ার গড়ার সুযোগ নিতে পারেন।

**ফুড ম্যানেজমেন্ট কী :** খাদ্য ব্যবস্থাপনা মানে শুধুমাত্র ভালো-ভালো খাবার তৈরি করে রসনার তৃপ্তি করা নয়। ফুড ম্যানেজমেন্ট বা, ব্যাপক অর্থে ফুড সায়েন্স হল বহুমুখী বিষয়ের সমন্বয়। এর একদিকে যেমন আছে খাদ্য তৈরি, খাদ্যের গুণগতমান পরীক্ষা, খাদ্য প্রক্রিয়াকরণ, খাদ্যের পুষ্টিগুণ নির্ণয়, জনস্বাস্থ্য, সুস্বাদু ও সুপাচ্য পথ্য আর গ্রামোন্নয়ন তেমনি অন্যদিকে আছে রসায়ন, পদার্থবিজ্ঞান, শারীরবিদ্যা, জীববিদ্যা, শিশুবিকাশ, সমাজতত্ত্ব, ফুড টেক্সটাইলস, মানবসম্পদ উন্নয়ন, খাদ্য প্রযুক্তি ও হোমসায়েন্স। এই ব্যবস্থাপনার মূল লক্ষ্য হল, খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে মানুষের জীবনের উন্নতি ঘটানো। ন্যূনতম সম্পদকে কাজে লাগিয়ে সময়, শক্তি, শ্রম, অর্থ, স্থান সাশ্রয় করে মানুষের খাদ্যনীতি পরিচালনা ও ব্যবস্থাপনা।

**এই কাজের গুরুত্বপূর্ণ পদ :** ফুড সায়েন্স বা, ফুড ম্যানেজমেন্ট বিভিন্ন শাখার সমন্বয়ে গড়ে ওঠায় এই ক্ষেত্রে কেরিয়ার গড়ার সুযোগ আছে এইসব পদে : ফুড প্রসেসর, ফুড টেকনোলজিস্ট, কোয়ালিটি কন্ট্রোলার, ফুড ম্যানেজার, নিউট্রিশনিস্ট, ডায়াটেটিক্স, ফুড প্রিজার্ভার, ক্রিটিক্যাল কেয়ার নিউট্রিশন ম্যানেজার, ফুড কন্সালট্যান্ট, ফুড রিসার্চ অ্যাসিস্ট্যান্ট, ফুড রিসার্চ অ্যানালিস্ট, ফুড সায়েন্টিস্ট, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও ফ্যামিলি কাউন্সেলর।

**কাজের ক্ষেত্র :** ওপরের ওইসব পদে চাকরির সুযোগ আছে এইসব সংস্থায় : **(ক) সরকারি সংস্থা :** কেন্দ্রীয় ও রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রক খাদ্য দপ্তরের অধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচিতে খাদ্য ও পুষ্টিনীতি পরিকল্পনা, রূপায়ণ, পরিচালনা ও তদারকির কাজের জন্য খাদ্য ও পুষ্টিবিজ্ঞানের পেশাদার লোক নেয়।

**(খ) হাসপাতাল :** নামি বেসরকারি ও কর্পোরেট হাসপাতালে রোগীদের পথ্য তালিকা তৈরি, রোগ অনুযায়ী ও সুস্বাস্থ্যের জন্য খাদ্য তালিকা তৈরির জন্য নিউট্রিশনিস্ট ও ডায়াটেশিয়ান পদে লোক নেওয়া হয়।

**(গ) শিল্পক্ষেত্র :** নানান ধরনের খাদ্য তৈরির সংস্থা, বেভারেজ সংস্থা, ডেয়ারি, বেকারিতে খাদ্যপ্রক্রিয়াকরণ, খাদ্যপ্রযুক্তি, খাদ্যের গুণগতমান পরীক্ষা বিপণন ও গবেষণার কাজে লোক নেওয়া হয় ফুড টেকনোলজিস্ট কোয়ালিটি কন্ট্রোলার, ফুড প্রোডাকশন ম্যানেজার, প্রোজেক্ট ম্যানেজার, মার্কেটিং ম্যানেজার ও ফুড রিসার্চার পদে।

**(ঘ) হোটেল-রেস্তরাঁ :** হোটেল, রেস্তরাঁ, হাসপাতাল, ক্যাটারিং, রেল, বিমান, কর্পোরেট অফিস, অর্থাৎ যে সব প্রতিষ্ঠানে ক্যান্টিন বা, ক্যাফেটেরিয়া থাকে, সেখানে ফুড টেকনোলজির ছেলেমেয়েদের নেওয়া হয়।

**(ঙ) স্বেচ্ছাসেবী বা, উন্নয়নমূলক সংস্থা :** বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা বা, উন্নয়নমূলক সংস্থায় শিশু, মহিলা আর বয়স্কদের প্রকল্পে খাদ্য তৈরি, পরিকল্পনা ও ব্যবস্থাপনার কাজে হোম সায়েন্সের প্রার্থী নেওয়া হয়।

**(চ) ক্রিটিক্যাল কেয়ার নিউট্রিশন ম্যানেজমেন্ট :** অসুস্থ মানুষদের জন্য এমন খাদ্যের ব্যবস্থা করা উচিত, যাতে তিনি ভালোবেসে তার পথ্যটি খেতে পারেন। যেমন, অনেকসময় দেখা যায় শরীরে যথেষ্ট পরিমাণে প্রোটিনের দরকার অথচ রোগী মাছ-মাংস-ডিম ছুঁয়েও দেখছেন না। এরকম অবস্থায় এমন ধরণের নিরামিশ খাদ্যের কথা ভাবতে হবে, যে সব খাদ্যে প্রোটিনের উপাদান বেশি থাকে। একইসঙ্গে সংশ্লিষ্ট রোগীর অসুখ ও তার মনস্তত্ত্ব অনুসারে খাদ্যের উপকরণ নির্বাচন যেমন গুরুত্বপূর্ণ, তেমনি জরুরি যাবতীয় উপকরণের সাহায্যে খাদ্যটিকে তৈরি করাও দরকার। এজন্য বড় হাসপাতাল, নার্সিংহোমে ক্রিটিক্যাল কেয়ার নিউট্রিশন ম্যানেজমেন্টের পেশাদার লোক নেওয়া হয়। আগামী দিনে আরো অনেক স্পেশালাইজড লোকের দরকার হবে।

**(ছ) শিক্ষকতা ও গবেষণা :** হোম সায়েন্স, ফুড সায়েন্স, ফুড টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ ছেলেমেয়েদের কলেজ বা, বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা ও গবেষণার ভালো সুযোগ আছে।

**(জ) স্বনিযুক্তির ক্ষেত্র :** ধরাবাঁধা চাকরি করতে না চাইলে নিজের উদ্যোগে করতে পারেন ক্যাটারিং সার্ভিস, রেস্তরাঁ, খাদ্য উৎপাদন ও প্রক্রিয়াকরণ কেন্দ্র, ফুড টেক্সচার ইত্যাদি। খাদ্য প্রক্রিয়াকরণের ব্যবসা করতে চাইলে সরকারি প্রকল্প থেকে আর্থিক সাহায্য ও ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়া যায়।

**পেশা অনুসারে কোর্স :** কাজের প্রকৃতি ও পদ অনুসারে পেশাগত যোগ্যতা দরকার হয়। ফুড ম্যানেজমেন্টের ক্ষেত্রে পেশাদার এইসব কোর্স পড়ানো হয় : হোম সায়েন্স, নিউট্রিশন অ্যান্ড ডায়াটেটিক্স, ফুড টেকনোলজি, ফুড প্রসেসিং, ক্রিটিক্যাল কেয়ার নিউট্রিশন ম্যানেজমেন্ট।

**হোম সায়েন্স (জেনারেল / অনার্স) :** সায়েন্স বা, হোম সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশের পর হোম সায়েন্সের ডিগ্রি কোর্স পড়া যায়। ডিগ্রি কোর্স পড়ানো হয় এইসব কলেজে : বিদ্যাসাগর কলেজ, বঙ্গবাসী কলেজ, দেশবন্ধু কলেজ ফর গার্লস, বেহালা কলেজ, যোগমায়াদেবী কলেজ, জে ডি বিড়লা ইনস্টিটিউট, কাঁচরাপাড়া কলেজ।

এই বিষয়ে মাস্টার ডিগ্রি কোর্স পড়ানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিহারীলাল কলেজ অফ সায়েন্সে। ডিগ্রি কোর্সের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হয়।

**ক্লিনিক্যাল নিউট্রিশন ও ডায়াটেটিক্স :** পিওর সায়েন্স বা, বায়ো-সায়েন্স বা, নিউট্রিশন বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ক্লিনিক্যাল অ্যান্ড ডায়াটেটিক্স বিষয়ে ডিগ্রি কোর্স পড়তে পারেন। এই বিষয় নিয়ে পড়ানো হয় এইসব কলেজে : গোখেল মেমোরিয়াল কলেজ, বিদ্যাসাগর কলেজ ফর উইমেন, বিহারীলাল কলেজ, মহারানী কাশীশ্বরী কলেজ।

নিউট্রিশন ও ডায়াটেটিক্স বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়ানো হয় অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হেল্‌থ অ্যান্ড হাইজিন, চিত্তরঞ্জন অ্যাভিনিউ, কলকাতা - ৭০০ ০৭৩।

**ফুড টেকনোলজি :** কেমিস্ট্রি বিষয় নিয়ে বি.এসসি. পাশ ছেলেমেয়েরা ফুড টেকনোলজির ডিগ্রি কোর্সে ভরতি হতে পারেন। পড়ানো হয় : ফুড টেকনোলজি অ্যান্ড বায়ো কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা- ৩২। এছাড়াও ফুড টেকনোলজি পড়ানো হয় এইসব প্রতিষ্ঠানে : খড়গপুর আই.আই.টি, জে.আই.এস ইউনিভার্সিটি, টেকনো ইন্ডিয়া।

## খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের পেশায় আসতে চাইলে

ভারতের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পকে 'সানরাইজ ইন্ডাস্ট্রি' হিসাবে চিহ্নিত করা হয়। দক্ষতা ও যোগ্যতা অনুসারে এই শিল্পে সব ধরণের ছেলেমেয়েদের বিভিন্ন ক্ষেত্রে কাজের সুযোগ আছে। তবে কেরিয়ার গড়তে চাইলে বিষয়টি সম্পর্কে ভালো ধারণা থাকা দরকার। গোটা বিষয়টি হল ফুড সায়েন্স বা, খাদ্য বিজ্ঞান। খাদ্য বিজ্ঞান হল একটা ধারণা। কোন খাদ্য কী কী উপাদান দিয়ে তৈরি, ও তার গঠন কেমন এটাই খাদ্যবিজ্ঞানের মূল কথা। খাদ্য বিজ্ঞানের অন্তর্ভুক্ত খাদ্য প্রক্রিয়াকরণ, খাদ্য প্রযুক্তি ও খাদ্য ব্যবস্থাপনা হল ফলিত বিষয়। কাঁচামাল, সবজি বা, যেকোনো খাদ্যকে বিশেষ রাসায়নিকের সঙ্গে মিশিয়ে অন্যরকম খাদ্য হিসাবে রূপান্তর ঘটানোই হল খাদ্য প্রক্রিয়াকরণ। খাদ্য ব্যবস্থাপনা হল সংশ্লিষ্ট শিল্পক্ষেত্রে মানব সম্পদ ও আর্থিক বিষয়ের ব্যবস্থাপনা। খাদ্য প্রক্রিয়াকরণ করার পদ্ধতির ক্ষেত্রে যে প্রযুক্তির আশ্রয় নেওয়া হয়, সেটাই খাদ্য প্রযুক্তি বা, ফুড টেকনোলজি। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যুদ্ধক্ষেত্রে জোয়ানদের টিনজাত খাবার সরবরাহ করা হত, যাতে খাবার নষ্ট না হয়। মূলত এই ধারণা থেকেই খাদ্য প্রযুক্তির বিষয়টি আসে। পরবর্তীকালে বাণিজ্যিকীকরণের জন্য বিভিন্ন খাদ্য প্রস্তুতকারক সংস্থা এই প্রযুক্তির আশ্রয় নেয়। যেকোনো ফসল বা, সবজি উৎপাদন থেকে গুদামজাতকরণ এমনকি বিপণনের সময় পর্যন্ত বিভিন্ন ক্ষেত্রে অন্ততপক্ষে ৪০% নষ্ট হয়। এটার মধ্যে যেমন অপচয় আছে, তেমনই আছে পচন। খাদ্যকে দ্রুত পচানোর হাত থেকে রক্ষা করা ও দীর্ঘস্থায়ী ব্যবহারযোগ্য করে তোলার জন্য খাদ্য প্রযুক্তির ব্যবহার হয়। আজকাল যেকোনোই খাদ্য প্রস্তুতকারক সংস্থা এই পদ্ধতির সাহায্য নিচ্ছে। খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রের মধ্যে আছে : ফল ও সবজি প্রক্রিয়াকরণ, মাছ ও মাছজাত দ্রব্য প্রক্রিয়াকরণ, মাংসজাত দ্রব্য প্রক্রিয়াকরণ, নরম পানীয় ও অন্যান্য ফলের রসের প্রক্রিয়াকরণ, চটজলদি খাবার প্রক্রিয়াকরণ, দুগ্ধ ও দুগ্ধজাত খাবার প্রক্রিয়াকরণ।

বড় ও বহুজাতিক খাদ্য প্রস্তুতকারক সংস্থায় এই মুহূর্তে সবথেকে ভালো কাজের সুযোগ আছে ফুড সেফটি অডিটর, ফুড সেফটি অ্যাসিওরেন্স, কোয়ালিটি কন্ট্রোলার, ফুড ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে। ফুড টেকনোলজির মাস্টার ডিগ্রি বা, ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা অডিটর, অ্যাসিওরেন্স, কোয়ালিটি কন্ট্রোলার পদে চাকরি পেতে পারেন। অন্যদিকে ফুড প্রসেসিং টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েদেরও ছোটখাটো সংস্থায় ওইসব ক্ষেত্রের সহকারি পদে চাকরির সুযোগ আছে। বায়ো কেমিস্ট্রি বা, মাইক্রো বায়োলজি কিংবা বায়ো টেকনোলজি পাশ ছেলেমেয়েদের ফুড প্রসেসিং ল্যাবরেটরিতে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট হিসাবে কাজের সুযোগ আছে। পাশাপাশি যেকোনো খাদ্য প্রস্তুতকারক সংস্থা পণ্য বাছাই, চিহ্নিতকরণ ও পণ্য প্রস্তুতের পর তা লেবেলিংয়ের জন্য অল্প শিক্ষিত পাশ ছেলেমেয়েদের নেওয়া হয়। বিভিন্ন হাসপাতাল, নার্সিংহোম ও স্বাস্থ্যকেন্দ্রগুলোতে ফুড অ্যান্ড ক্রিটিক্যাল কেয়ার নিউট্রিশন ম্যানেজমেন্ট পাশ ছেলেমেয়েদের অনেক কাজের সুযোগ আছে ও ভবিষ্যতে এক্ষেত্রে আরও সুযোগ তৈরি হবে।

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে চাকরির তুলনায় ব্যবসার সুযোগ অনেক বেশি। সরকারি ভর্তুকি ও ব্যাঙ্ক ঋণ নিয়ে উদ্যমী ছেলেমেয়েরা স্থানীয় এলাকায় খাদ্য প্রক্রিয়াকরণের ছোটখাটো ইউনিট গড়ে তুলতে পারেন। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের বাজেটে খাদ্য প্রক্রিয়াকরণের ক্ষেত্রে ১০০% বিদেশি বিনিয়োগে সুযোগ দেওয়া হয়েছে। এইক্ষেত্রে উদ্যমীরা গ্রামের কৃষকদের সংঘবদ্ধ করে বিদেশি বিনিয়োগের সাহায্য নিয়ে বড় ধরণের উদ্যোগ গড়ে তুলতে পারেন। চিনে বিভিন্ন গ্রামে উদ্যমী ছেলেমেয়েরা এই ধরণের কৃষিভিত্তিক উদ্যোগ গড়ে তুলেছে। আগামি দিনে এ দেশেও এ ধরণের শিল্পের জোয়ার আসবে। বড় শিল্পের তুলনায় খাদ্য প্রক্রিয়াকরণের ক্ষুদ্র শিল্পে কর্মসংস্থানের সুযোগ অনেক বেশি থাকে। বড় শিল্পক্ষেত্রে পণ্য তৈরির জন্য অটোমেশনের সাহায্য নেওয়া হয়, সেক্ষেত্রে ক্ষুদ্র শিল্পক্ষেত্রে মানব সম্পদকে বেশি কাজে লাগানো হয়।

চাকরি বা, ব্যবসা — যাই করতে চান, তার জন্য এই ক্ষেত্রে প্রশিক্ষণ নেওয়াটা জরুরি। বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা জয়েন্ট এন্ট্রান্সের মাধ্যমে ফুড টেকনোলজির ডিগ্রি কোর্সে ভরতি হতে পারেন। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা JEXPO পরীক্ষার মাধ্যমে বিভিন্ন পলিটেকনিকে ফুড প্রসেসিং টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভরতি হতে পারেন। ডিগ্রি ও পলিটেকনিকের ডিপ্লোমা কোর্সে ভরতির জন্য ৬ মাসের একটি কাউন্সিলিং কোর্স শুরু করা হচ্ছে ড. সুভাষ মুখার্জি মেমোরিয়াল ইনস্টিটিউটে। ২০১৭ সালে যাঁরা পরীক্ষা দেবেন তাঁরা এই প্রশিক্ষণ নিতে পারেন। এইট পাশ বা, মাধ্যমিক যোগ্যতায় স্বল্পমেয়াদি সার্টিফিকেট কোর্সে ভরতি হওয়া যায়। ব্যবসা করতে চাইলে গতানুগতিকতার বাইরে বেরিয়ে অন্য ধরণের খাদ্যপণ্য তৈরির কথা ভাবতে হবে। এক্ষেত্রে মাথায় রাখতে হবে ক্রেতাদের রুচি ও পছন্দের ওপর। খাদ্য প্রযুক্তি বিষয়টি বিজ্ঞানের অংশ, কিন্তু নতুন উদ্যোগ গড়ে তুলতে গেলে বৈজ্ঞানিক জ্ঞান, দৃষ্টিভঙ্গির পাশাপাশি থাকতে হবে সাহিত্যপ্রীতি বা, সৃজনশীল ক্ষমতা। এই ক্ষেত্রে যেকোনো ছোটখাটো উদ্যোগ গড়ে তুলতে চাইলে আগ্রহীরা সংশ্লিষ্ট জেলা শিল্পকেন্দ্রে যোগাযোগ করতে পারেন। এছাড়াও বিভিন্ন প্রকল্প ও সরকারি আর্থিক সাহায্যের বিষয় জানতে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগ, ময়ূখ ভবন, বিধাননগর, কলকাতা- ৭০০০৯১।

## কোথায় কী কোর্স পড়ানো হয় :

**ফুড টেকনোলজির ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স :** (১) ফুড টেকনোলজি অ্যান্ড বায়ো কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা- ৭০০০৩২ (২) গুরুনানক ইনস্টিটিউট অফ টেকনোলজি, সোদপুর, (৩) টেকনো ইন্ডিয়া, সল্টলেক, (৪) হলদিয়া ইনস্টিটিউট অফ টেকনোলজি, হলদিয়া, (৫) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (IIT), খড়গপুর।

জয়েন্ট এন্ট্রান্সের মাধ্যমে মেডিকেল কোর্সে ভরতি নেওয়া হয়। ডিগ্রি কোর্স পাশ করার পর GATE পরীক্ষার মাধ্যমে মাস্টার ডিগ্রিতে ভরতি হওয়া যায়।

**ফুড টেকনোলজির ডিপ্লোমা কোর্স :** ফুড প্রসেসিং টেকনোলজির ডিপ্লোমা কোর্স পড়ানো হয় রাজ্যের এইসব পলিটেকনিকে : (ক) এ.পি.সি. রায় পলিটেকনিক, যাদবপুর, (খ) ফালাকাটা পলিটেকনিক, জলপাইগুড়ি, (গ) মালদা পলিটেকনিক, মালদা, (ঘ) সাহিকপাড়া এ.আর.এম. পলিটেকনিক, মুর্শিদাবাদ, (ঙ) মীরমদন মোহনলাল গভর্নমেন্ট পলিটেকনিক, নদিয়া, (চ) জিয়াগঞ্জ কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, মুর্শিদাবাদ।

**স্বল্পমেয়াদি কোর্স :** এইট পাশ বা, মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা খাদ্য প্রক্রিয়াকরণের সার্টিফিকেট কোর্সে ভরতি হতে পারেন। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে ছোটখাটো উদ্যোগ গড়ে তোলার জন্য এই ধরণের প্রশিক্ষণ দেওয়া হয় এইসব প্রতিষ্ঠানে : (১) নরেন্দ্রপুর লোকশিক্ষা পরিষদ, মন্দির গেট, রামকৃষ্ণ মিশন, নরেন্দ্রপুর, কলকাতা- ৭০০১০৩। ফোন : (০৩৩) ২৪৭৭ ২২০৭। (২) মাল্টি ডিসিপ্লিনারি ট্রেনিং সেন্টার, খাদি ও গ্রামোদ্যোগ কমিশন, অভয় আশ্রম, বিরাটি, কলকাতা- ৭০০০৫১। ফোন : (০৩৩) ২৫৩৯ ০৫৫৪। (৩) প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি, ভারত সেবাশ্রম সঙ্ঘের উইং, ৮ অনিল মিত্র রোড, কলকাতা- ৭০০০১৯। ফোন : ৯৩৩১২৫৬৯৩৪। (৪) ড. সুভাষ মুখার্জি মেমোরিয়াল ইনস্টিটিউট, বেহালা ইন্ডাস্ট্রিয়াল স্টেট, ৬২০ ডায়মন্ডহারবার রোড, কলকাতা- ৭০০০৩৪। ফোন : ৯৮৩০৫ ২২০৭৯। এখানে বিভিন্ন ধরণের পাঁপড় তৈরির পাশাপাশি পটেটো চিপস, কুরকুরে, বিভিন্ন ধরণের আচার, জ্যাম-জেলি, গাজরের রসগোল্লা, সোয়াবিনের দুধ, দই তৈরি শেখানো হয়। এছাড়াও এখানে একটি ১ বছরের কর্মমুখি পেশাদার ট্রেনিং দেওয়া হয়। কোর্সের নাম মেডিসিনাল ফুড অ্যান্ড ক্রিটিক্যাল কেয়ার নিউট্রিশন ম্যানেজমেন্ট। বিজ্ঞানের যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতি হতে পারেন। (৫) বয়স্ক শিক্ষাকেন্দ্র, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা- ৩২। এখানে ফুড প্রসেসিংয়ের আঁন্ত্রেপ্রেনিওরশিপ ডেভেলপমেন্টের ট্রেনিং দেওয়া হয়।

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্যের ১২১টি সরকারি আই.টি.আইয়ে

১ পাতার পর

এইসব ট্রেডে : কার্পেন্টার, ম্যাসন, শীট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার, পেইন্টার জেনারেল, ওয়্যারম্যান, কাটিং অ্যান্ড সিউয়িং /সিউয়িং টেকনোলজি। পেইন্টার জেনারেল ও ওয়্যারম্যান ট্রেড ২ বছরের আর অন্যান্য ট্রেড হল ১ বছরের।

গ্রুপ-M : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিকে অঙ্ক ও বিজ্ঞান বিষয় না থাকলে ইঞ্জিনিয়ারিং ট্রেডের জন্য যোগ্য নন। 'এম' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে —

১ বছরের ট্রেডগুলি হল : মেকানিক (ডিজেল), ফাউন্ড্রিম্যান/ফাউন্ড্রিম্যান টেকনিশিয়ান, প্লাস্টিক প্রসেসিং অপারেটর, প্লাম্বার, মেকানিক মোটর সাইকেল, সার্ভেয়ার, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স, মেকানিক অটো বডি রিপেয়ার, ওয়েল্ডার পাইপ, বেকার অ্যান্ড কনফেক্শনার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ক্রাফটসম্যান ফুড প্রোডাকশন (জেনারেল) /ফুড প্রোডাকশন (জেনারেল), ডেস্ক টপ পাব্লিশিং অপারেটর, ড্রেস মেকিং, ফ্যাশন টেকনোলজি /ফ্যাশন ডিজাইন টেকনোলজি, হেয়ার অ্যান্ড স্কিন কেয়ার /বেসিক কসমেটোলজি, হেলথ স্যানিটারি ইন্সপেক্টর, হর্টিকালচার, প্রিজার্ভেশন অফ ফ্রুটস অ্যান্ড ভেজিটেবিলস /ক্র্যাফটসম্যান ফ্রুট অ্যান্ড ভেজিটেবিল প্রসেসিং, সেক্রেটারিয়েল প্র্যাক্টিস (ইংলিশ), স্টুয়ার্ড /ফুড অ্যান্ড বেভারেজ গেস্ট সার্ভিস অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার অ্যাডেড এমব্রয়ডারি অ্যান্ড ডিজাইনিং, ফ্রন্ট অফিস অ্যাসিস্ট্যান্ট ও ফুড বেভারেজ।

২ বছরের ট্রেডগুলি হল : টার্নার, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট), ড্রাফটসম্যান (সিভিল), ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), আই.টি.ই.এস.এম. / আই.সি.টি.এস.এম, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট), মেশিনিস্ট, মেশিনিস্ট গ্রাইন্ডার, মেন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), মেকানিক কম্পিউটার হার্ডওয়্যার, মেকানিক মোটর ভেহিক্যাল, মেকানিক আর.এ.সি., টুল অ্যান্ড ডাই মেকার (ডাইস অ্যান্ড মোল্ড), টুল অ্যান্ড ডাই মেকার (প্রেস টুলস, জিগস অ্যান্ড ফিক্সার), ইনফর্মেশন টেকনোলজি।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৮-২০১৮'র হিসাবে ন্যূনতম ১৪ বা, তার বেশি অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০৪ বা, তার আগে। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। যে কোনো বয়সের প্রার্থীরাই আবেদনের যোগ্য। নির্দিষ্ট কয়েকটি ট্রেডে মহিলা প্রার্থী না পাওয়া গেলে ছেলেরা ওই চারটি মহিলা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটে ভরতির জন্য আবেদন করতে পারবেন।

তপশিলী জাতির প্রার্থীদের জন্য ২২%, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৬%, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩% ও মহিলাদের জন্য সাধারণ আই.টি.আই. /আই.টি.সি.'তে ১০% সীট সংরক্ষিত। টিউশন ফী প্রথম ৬ মাস মাসে ৩০ টাকা করে। ভরতি ফী ১০০ টাকা। রেজিস্ট্রেশন ফী ৩০ টাকা (কন্যাশ্রী প্রার্থীদের জন্য ১৫ টাকা)। কশ্যান মানি ১০০ টাকা। ভেরিফিকেশন চার্জ ১০০ টাকা।

প্রার্থী বাছাই পদ্ধতি : দুই গ্রুপের বেলায়ই প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'।

'M' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। এক্ষেত্রে আগের মতো এবার থেকে আর 'এন্ট্রান্স পরীক্ষা' দিতে হবে না। শুধুমাত্র মাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকায় র‍্যাঙ্ক অনুযায়ী পছন্দ মতো প্রতিষ্ঠানে ভরতি হতে পারবেন ও ট্রেড বেছে নিতে পারবেন।

'E' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে 'কমন এন্ট্রান্স টেস্ট'এর মাধ্যমে। পরীক্ষা হবে ২৪ জুন, বেলা ১২টায়। সময় থাকবে ২ ঘন্টা। লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অঙ্ক, ইংরিজি, সায়েন্স, জেনারেল স্টাডিজ। প্রশ্ন হবে ক্লাস এইট পাশ মানের।

লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১৮ জুন থেকে, এই ওয়েবসাইটে : www.webscte.org চূড়ান্ত মেধা তালিকা আপলোড করা হবে জুলাইয়ে। অনলাইন কাউন্সেলিং হবে জুলাইয়ে।

দরখাস্তের ফর্ম পাবেন হাতে-হাতে, নিচে দেওয়া আই.টি.আই. কলেজগুলি থেকে, ২৭ এপ্রিল পর্যন্ত। পূরণ-করা ও.এম.আর. অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ২৭ এপ্রিল। ২০১৮ সালে যাঁরা মাধ্যমিক পরীক্ষায় সফল হবেন, তাঁদের ও.এম.আর. অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ মাধ্যমিকের ফল বেরোনোর দিন থেকে ৭ দিন পর্যন্ত। আই.টি.আই. কলেজগুলির ঠিকানা :

(1) **ITI Gariahat,** 10 & 10/A Gariahat Road, Kolkata - 700 091. (2) **ITI Tollygunj,** 24, Chandi Ghosh Road, Kolkata – 700 040. (3) **ITI for PCBG, Kolkata.** (4) **Women ITI Kolkata,** 10 & 10/1 Gariahat Road, Kolkata – 700 019. (5) **ITI Howrah Homes,** P.O. Santragachi, Howrah. (6) **ITI Hooghly,** P.O. Sahagunj, Hooghly. (7) **ITI Kalyani,** Ghoshpara Road, Kalyani, Dist. Nadia, Nadia – 741 235. (8) **ITI Durgapur,** Muchipara, P.O. Durgapur, Dist. Burdwan, Durgapur – 713 222. (9) **ITI Purulia,** P.O. Raghunathpur, Dist. Purulia, Purulia – 723 133. (10) **ITI Suri,** P.O. Suri, Dist. Birbhum, Birbhum – 731 101. (11) **ITI Midnapur,** P.O. Rangamati, Dist. Paschim, Midnapur- 721 101. (12) **ITI Haldia,** P.O. Durgachak, Dist. Purba Midnapur. (13) **ITI Jhargram,** P.O. Jhargram, Dist. Paschim Midnapur – 721 507. (14) **ITI Berhampore,** P.O. Kashimbazar Raj, Dist. Murshidabad – 742 102. (15) **ITI Malda,** P.O. & Dist. Malda – 732 101. (16) **ITI Raigunj,** P.O. Karnajora, Dist. Uttar Dinajpur – 733 130. (17) **ITI Siliguri,** Sevoke Road, P.O. Estiasal, Dist. Darjeeling – 734 401. (18). **ITI Coochbehar,** P.O. & Dist. Coochbehar – 736 101. (19) **Women ITI Burdwan Alisha,** By-pass More, G.T. Road, Burdwan. (20) **Women ITI Siliguri,** Sevoke Road, P.O. Ektiasal, Dist. Darjeeling – 734 401. (21) **Women ITI Banipur,** P.O. Banipur, North 24 Parganas. (22) **ITI Chhatna Kalaiberia,** Bankura. (23) **Basic Training Centre (Chemical),** Hooghly, P.O. Sahagunj, Hooghly. (24) **P.Roy ITI,** Amtala, P.O. Bishnupur, Amtala, South 24 Parganas. (25) **ITI Alipurduar,** P.O. Alipurduar, Jalpaiguri. (26) **ITI Shibpur,** P.O. Shibpur, Howrah. (27) **ITI Barrackpore,** P.O. B.D.Sopan, Khardah, 24 Paragans (N). (28) **ITI Fulia,** P.O. Fulia, Nadia. (29) **ITI Balurghat,** P.O. Beltala Park, Dakshin Dinajpur. (30) **Bipradas Pal Chowdhury ITI,** Arabida Sarani, P.O. - Krishnagar, Nadia. (31) **ITI Jalpaiguri,** Jalpaiguri. (32) **ITI Rupnarayanpur,** P.O. - Hindustan Cables, Burdwan. (33) **ITI Hijli,** P.O. - Kharagpur (IIT Campus), Midnapore. (34) **ITI Chinsurah** (Hooghly ITC), Hooghly. (35) **ITI Chhotajagulia,** P.O. - Chhotajagulia, North 24 PGS. (36) **Satish Chandra ITI,** P.O. - Kalanabagram, Burdwan. (37) **ITI Kaliagunge,** P.O. - Kaliagunge, Uttar Dinajpur. (38) **ITI Kanyapur,** P.O. - Asansol - 4, Burdwan. (39) **ITI Sabrakone,** P.O. - Sabrakone, Bankura. (40) **Sevayatan ITC,** P.O. - Sevayatan, Via - Jhargram, Paschim Medinipur. (41) **Asansol Junior Government Polytechnic,** P.O. - Dakshin Dadka, Asansol. (42) **ITI Habibpur,** Dist. malda. (43) **ITI Subhasnagar,** Dist. Hooghly. (44) **ITI Saraju Prasad,** Dist. Purulia. (45) **Government ITI Ausgram II,** Ausgram. (46) **Government ITI Bagda,** Bagda. (47) **Government ITI Balarampur,** Balarampur. (48) **Government ITI Banshihari,** Banshihari. (49) **Government ITI Basanti,** Basanti. (50) **Government ITI Bauria,** Bauria. (51) **Government ITI Bhatar,** Bhatar. (52) **Government ITI Binpur-II,** Binpur-II. (53) **Government ITI Canning I,** Canning. (54) **Government ITI Canning II,** Canning. (55) **Government ITI Chanchal,** Chanchal. (56) **Government ITI Chopra,** Chopra. (57) **Government ITI Debra,** Debra. (58) **Government ITI Deshapran,** Deshapran. (59) **Government ITI Dhupguri,** Dhupguri. (60) **Government ITI Dinhata,** Dinhata. (61) **Government ITI Falta,** Falta. (62) **Government ITI Gaighata,** Gaighata. (63) **Government ITI Garbeta,** Garbeta. (64) **Government ITI Raghunathganj II,** Raghunathganj. (65). **Government ITI Itahar,** Itahar. (66) **Government ITI Kumargram,** Kumagram. (67) **Government ITI Kushmandi,** Kushmandi. (68) **Government ITI Mangalkote,** Mangalkote. (69) **Government ITI Chhatna Kalaiberia,** Chhatna. (70) **Government ITI Tufanganj,** Tufanganj. (71) **Government ITI Halisahar,** Halishar. (72) **Government ITI Harirampur,** Harirampur. (73). **Government ITI Haroa,** Haroa. (74). **Government ITI Hili,** Hili. (75) **Government ITI Illambazar,** Illambazar. (76) **Government ITI Indpur,** Indpur. (77) **Government ITI Islampur,** Islampur. (78) **Government ITI Jangipara,** Jangipara. (79) **Government ITI Joynagar II,** Joynagar. (80) **Government ITI Kaliachak,** Kaliachak. (81) **Governmentg ITI Kaligunj,** Kaligunj. (82) **Government ITI Keshpur,** Keshpur. (83) **Government ITI Khatra,** Khatra. (84) **Government ITI Khoyrasole,** Khoyrasole. (85) **Government ITI Krishnanagar I,** Krishnanagar. (86) **Government ITI Kulpi,** Kulpi. (87) **Government ITI Kumarganj,** Kumarganj. (88) **Government ITI Mal,** Mal. (89) **Government ITI Manbazar,** Manbazar. (90) **Government ITI Mandirbazar,** Mandirbazar. (91) **Government ITI Mathabhanga,** Mathabhanga. (92) **Government ITI Maynaguri,** Maynaguri. (93) **Government ITI Mayureswar I,** Mayureswar. (94) **Government ITI Meckhilganj,** Meckhilganj. (95) **Government ITI Nakashipara,** Nakashipara. (96) **Government ITI Nayagram,** Nayagram. (97) **Government ITI Pandua,** Pandua. (98) **Government ITI Patharpratima,** Patharpratima. (99) **Government ITI Purbasthali-I,** Purbasthali. (100) **Government ITI Purbasthali-II,** Purbasthali. (101) **Government ITI Pursurah,** Pursurah. (102) **Government ITI Rampurhat I,** Rampurhat. (103) **Government ITI Ranaghat II,** Ranaghat. (104) **Government ITI Ranibandh,** Ranibandh. (105) **Government ITI Raninagar I,** Raninagar. (106) **Government ITI Sagar,** Sagar. (107) **Government ITI Sagardighi,** Sagardighi. (108) **Government ITI Salboni,** Salboni. (109) **Government ITI Shyampur,** Shyampur. (110) **Government ITI Simlapal,** Simlapal. (111) **Government ITI Sonamukhi,** Sonamukhi. (112) **Government ITI Tapan,** Tapan. (113) **Government ITI Tehatta,** Tehatta. (114) **Government ITI Udaynarayanpur,** Udaynarayanpur. (115) **Government ITI Barasat I,** Barasat. (116) **Government ITI Ghatal,** Ghatal. (117) **Government ITI Goalpokhor,** Goalpokhor. (118) **Government ITI Samsergunj,** Samsergunj. (119) **Government ITI Magrahat-II,** Magrahat. (120) **Government ITI Hura,** Hura. (121) **Government ITI Dubrajpur,** Dubrajpur. (122) **Government ITI Binpur I,** Binpur.


## NCVT স্বীকৃত কল্যাণী প্রাইভেট ITI- এ ভর্তি

NCVT স্বীকৃত কল্যাণী আই.টি.আইয়ে (দত্তপুকুর) ২০১৮ সেশনে ফিটার ও ইলেক্ট্রিশিয়ান কোর্সে ভর্তি শুরু হয়েছে। ২ বছরের রেগুলার কোর্স। যোগ্যতা : মাধ্যমিক। কোর্স শেষে চাকরিতে সহায়তা করা হয়। যোগাযোগ : কল্যাণী প্রাইভেট আই.টি.আই, দত্তপুকুর। ফোন : 7890114568, 7890114569.

সুবর্ণ সুযোগ
2018-20 সেশন
B.Ed - 55,000
M.Ed - 75,000
পশ্চিমবঙ্গে D.L.Ed.
কোর্সে ভর্তি চলছে।
সত্বর যোগাযোগ করুন।
M.: 9609148600

Diploma, B.Tech & ITI
পাশদের গভঃ চাকরির প্রশিক্ষণ
SAIL, NTPC, OFB, IOCL, DRDO, DCL, DELHI METRO, PSC-JE ইত্যাদি।
এখানে BARC, BSNL, SAIL & RAIL ইঞ্জিনিয়ারদের তত্ত্বাবধানে ক্লাস হয়।
9-12 মাসের মধ্যে এখানকার পূর্ণ প্রশিক্ষণ নিয়ে চাকরি না পেলে সম্পূর্ণ কোর্স ফি ফেরত দেওয়া হবে।
RAIL - প্রশিক্ষণ
ALP, TECHNICIAN & Gr - D
স্পেশাল নতুন ব্যাচে ভর্তি চলছে।
DITE (দমদম জং)
No. 1 Technical Govt. Job Institute
9836227449

## INSTITUTE OF RAIL TRANSPORT

Room No.104, North Central Railway Project Unit, Shivaji Bridge, Behind Shankar Market, Near I.R.W.O. Office, New Delhi - 110001.
Ph. Nos.: 01123416832/23416833
E-mail: irtindia3@gmail.com,
Website: www.irt-india.com, www.irt.indianrailways.gov.in

Apply Online Also

On Popular demand, the Institute of Rail Transport (IRT) extends the date for receipt of application upto **31st May, 2018** for the **Transport Economics & Management** diploma course. Also Invites Fresh Application for the following diploma courses by correspondence.

**1. MULTI-MODAL TRANSPORT (CONTAINERISATION) & LOGISTICS MANAGEMENT**

**2. RAIL TRANSPORT & MANAGEMENT**

**Course Fee: ₹ 7,000/- (Including Study Material & Contact Classes).**

**ELIGIBILITY :** Graduate or Three Years Diploma in any Discipline from any recognized University/Institute/State Govt. with relaxation to Central/State Govt. employees/Armed Service Personnel (Serving & Retired), these candidates should have completed Sr. Sec. School with three year working experience.

**EXAMINATION CENTRES:** Delhi, Mumbai, Kolkata, Chennai, Secunderabad, Lucknow, Guwahati and Bhubaneswar. (Subject to sufficient number of students appearing in any centre).

Refer prospectus for details, on **payment of ₹ 200/-** including postal charges by Demand Draft in favour of **Institute of Rail Transport,** payable at **New Delhi**. Write full name and address in capital on the reverse of the draft and the name of the course.

Prospectus also available by cash payment of ₹150/- at the following counters & apart from above counter also:

1. **IRT Library and Study Centre, Dy. C. Engg./Bridge Line Office, Near Tilak Bridge Railway Station and Railway Police Post, Mahawat Khan Road, New Delhi-110002. Ph. : 011-23214362**
2. **IRT office C/o General Manager Office, Rail Sadan, South Block, Chandrashekharpur, Bhubaneswar, Odisha-17**

Prospectus and admission is also available on online at **www.irt.indianrailways.gov.in**. The course fee for online Admission is ₹ 6500/-.

The last date for receipt of Application is **31st May, 2018**

**The Institute will remain closed on Saturdays, Sundays & Gazetted Holidays.**

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

১৯ মার্চ: পাক-ই-স্তানের নতুন বায়ুসেনা প্রধান হলেন আনওয়ার খান।

□ কর্মপ্রার্থীদের সাহায্যের জন্য জেলায় জেলায় মডেল কেরিয়ার সেন্টার তৈরি করার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার। 'ডাইরেক্টরেট অফ এমপ্লয়মেন্ট'এর অধীনে তৈরি হবে এই কেরিয়ার সেন্টার।

□ পশুখাদ্য কেলেঙ্কারির চতুর্থ মামলাতেও দোষী সাব্যস্ত হলেন বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও আরজেডি প্রধান লালুপ্রসাদ যাদব। তবে এই মামলায় আরও এক অভিযুক্ত তথা বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী জগন্নাথ মিশ্র-সহ আরও ৭জন রেহাই পেয়েছেন।

□ রাজ্যের প্রভাবশালী লিঙ্গায়ত জাতকে আলাদা ধর্ম হিসাবে স্বীকৃতি দিলেন কর্নাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া।

□ চিনের বিদেশমন্ত্রী ওয়াং ই'কে স্টেট কাউন্সিলরের দায়িত্বে বহাল করল চিন। এই প্রথম কোনো চিনা কর্তা একইসঙ্গে বিদেশমন্ত্রী ও স্টেট কাউন্সিলরের দায়িত্ব পেলেন।

□ সুইৎজারল্যান্ডের রজার ফেডেরারকে ৬-৪, ৬-৭ ও ৭-৬ ব্যবধানে হারিয়ে 'ইন্ডিয়ান ওয়েলস মাস্টার্স টেনিস টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন আর্জেন্তিনার জুয়ান মার্টিন দেল পোত্রো।



'বে হিলে আর্নল্ড পামার আমন্ত্রণী টুর্নামেন্ট'এ চ্যাম্পিয়ন হলেন ররি ম্যাকলরয়।

□ চিনের তারকা লিন ডানকে ২১-১৯, ১৬-২১ ও ২১-৯ ব্যবধানে হারিয়ে 'অল ইংল্যান্ড ওপন ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন শি য়ুকি।

□ 'সিঙ্গাপুর জাতীয় এজ গ্রুপ সাঁতার চ্যাম্পিয়নশিপ'এ ৫০ মিটার ফ্রিস্টাইলে সোনার পদক পেলেন ভারতের বীরদয়াল খাড়ে।

□ রাশিয়ার দারিয়া কাসাতকিনাকে ৬-৩ ও ৬-২ ব্যবধানে হারিয়ে 'ইন্ডিয়ান ওয়েলস'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জাপানের নাওমি ওসাকা।

২০ মার্চ: 'পূর্ণ স্বশাসিত বিশ্ববিদ্যালয়'এর মর্যাদা পেল 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'।

□ রেলের সব ক্যাটারিং সংস্থার অতিরিক্ত দাম নেওয়ার প্রবণতা রুখতে এবার থেকে বিল না দিলে যাত্রীদের বিনামূল্যে খাবার দেওয়ার সিদ্ধান্ত নিল রেল কর্তৃপক্ষ। ৩১ মার্চ থেকে এই নতুন নিয়ম চালু হতে চলেছে।

□ লিবিয়ার প্রাক্তন ও প্রয়াত প্রেসিডেন্ট মুয়াম্মর গদ্দাফির থেকে জোর করে অর্থ আদায় করে সেই অর্থ নিজের নির্বাচনী প্রচারে কাজে লাগিয়েছিলেন বলে অভিযোগ ওঠায় গ্রেফতার হলেন প্রাক্তন ফরাসি প্রেসিডেন্ট নিকোলাস সারকোজি।

□ 'নাইটহুড সম্মান' পেলেন 'বিটলস' তারকা রিঙ্গো স্টার।

□ 'জুনিয়র রাজ্য টেবল টেনিস লিগ'এর প্রচারদূত হলেন জাতীয় চ্যাম্পিয়ন সুতীর্থা মুখোপাধ্যায়।

২১ মার্চ: 'পূর্ব রেল'এর ডিরেক্টর জেনারেল অফ অডিট হিসাবে দায়িত্ব নিলেন সায়ন্তনী জাফা।

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

□ চাষিদের কাছ থেকে ধান সংগ্রহের জন্য স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার।

□ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর জাতীয় স্বাস্থ্য সুরক্ষা প্রকল্প 'আয়ুষ্মান ভারত' প্রকল্পে অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। প্রসঙ্গত উল্লেখ্য, দেশের প্রায় ১০ কোটি গরিব পরিবারকে প্রতি বছর ৫ লাখ টাকা স্বাস্থ্যবিমা দেওয়ার কথা বলা হয়েছে এই প্রকল্পে।

□ 'সুপ্রিম কোর্ট' স্বেচ্ছামৃত্যুর পক্ষে রায় দেওয়ার পর দেশের প্রথম লিভিং উইল নথিভুক্ত হল। দেশের প্রথম ব্যক্তি হিসাবে কানপুরে নিজের লিভিং উইল নথিভুক্ত করলেন আইনজীবী শরদকুমার ত্রিপাঠী। তবে নিজের লিভিং উইলে পরিবারের কেউ নন, শরদকুমার নাম রেখেছেন তাঁর জুনিয়র অমিতেশ সিংয়ের।

□ উত্তর প্রদেশে রাজ্য কংগ্রেস সভাপতির পদ ছাড়লেন ৬৫ বছর বয়সি অভিনেতা রাজ বব্বর। তাঁর জায়গায় আসতে চলেছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী জিতিন প্রসাদ।

□ মায়ানমারের প্রথম গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত প্রেসিডেন্ট হথিন কিয়াও পদত্যাগ করলেন।

□ একাদশ 'ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ'এ 'ডিসিশন রিভিউ সিস্টেম' (DRS) চালু হতে চলেছে।

২২ মার্চ: রাজস্থানের পোখরান পরীক্ষামূলক এলাকায় সকাল ৮.৪২ মিনিটে, বিশ্বের দ্রুততম সুপারসনিক ক্রুজ 'ব্রহ্মস ক্ষেপণাস্ত্র'এর পরীক্ষামূলক উৎক্ষেপণ সফল হল। এই উৎক্ষেপণের ফলে দেশের প্রতিরক্ষা ব্যবস্থা আরও উন্নত ও শক্তিশালী হল। এই ক্ষেপণাস্ত্র যেকোনো দিক থেকে শত্রুপক্ষের ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থায় আঘাত হানতে পারে। গোপন জঙ্গিঘাঁটিও ধ্বংস করতে পারে এটি।

□ রাশিয়ার বিজ্ঞানীরা নতুন একটি কৃষ্ণগহ্বরের খোঁজ পেলেন। একটি নক্ষত্রের ধ্বসের ফলে এই কৃষ্ণগহ্বরটি তৈরি হয়েছে। সদ্য প্রয়াত প্রবাদপ্রতিম বিজ্ঞানী স্টিফেন হকিংকে এটি উৎসর্গ করা হয়েছে।

□ রাজা রবি বর্মার আঁকা ছবি 'তিলোত্তমা' নিউ ইয়র্কের সদবি নিলামে ৫.১৭ কোটি টাকায় বিক্রি হল। হিন্দুপুরাণের একজন স্বর্গীয় জলপরিকে নিয়ে এই ছবিটি আঁকা হয়েছিল।

□ 'মেট্রো রেল'এর চিফ অপারেশনস ম্যানেজার হলেন সাত্যকি নাথ।

□ ১০০ দিনের কাজের কর্মীদের মাইনে ১০০ টাকা থেকে বাড়িয়ে ১৪৪ টাকা করল পশ্চিমবঙ্গ সরকার। সুপারভাইজরদের মাইনে ১২০ টাকা থেকে বাড়িয়ে ১৭২ টাকা করা হল। প্রায় ৮ বছর পর এই প্রকল্প খাতে কর্মীদের মাইনে বাড়ল।

□ কেন্দ্রীয় সামাজিক ন্যায় মন্ত্রী থাওয়ার চাঁদ গেহলট জানালেন, ভিখারি সংখ্যায় শীর্ষে রয়েছে পশ্চিমবঙ্গ। ভারতে মোট ৪,১৩,৬৭০ জন ভিখারি রয়েছেন, যার মধ্যে পশ্চিমবঙ্গেই রয়েছেন ৮১,০০০ জন ভিখারি।

□ জনসংযোগে সেরা হওয়ার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যতম শ্রেষ্ঠ সম্মান পেল 'উই আর শিখ' প্রচারাভিযান। প্রসঙ্গত উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্রে শিখদের ওপর অত্যাচার কমানোর উদ্দেশ্যে এই প্রচারাভিযান তৈরি করা হয়েছিল।

□ ভোট কেনার অভিযোগ প্রমাণিত হওয়ায় পেরুর প্রেসিডেন্ট পেদ্রো পাবলো কুজেনস্কি পদত্যাগ করলেন।



সিডনিতে অনুষ্ঠিত 'জুনিয়র শ্যুটিং বিশ্বকাপ'এ মেয়েদের ১০ মিটার এয়ার রাইফেলে সোনার পদক পেলেন ভারতের এলাভেনিল ভালারিভান।

২৩ মার্চ : সংশোধনাগারে কয়েদির সঙ্গে পরিজনের কথা বলার সুবিধার জন্য 'ই-মুলাকাত পরিষেবা'র সূচনা করলেন রাজ্যের কারামন্ত্রী উজ্জ্বল বিশ্বাস। প্রসঙ্গত উল্লেখ্য, এই পরিষেবার ফলে এবার বাড়িতে বসেই পরিচিতরা নির্দিষ্ট সময়ে স্মার্ট ফোনের মাধ্যমে সংশ্লিষ্ট বন্দিদের সঙ্গে কথা বলতে পারবেন। অনলাইনেও আবেদন করা যাবে।

□ আবগারি দফতরের কর্মীদের সব সংগঠন ভেঙে দিয়ে তাঁদের জন্য নতুন কল্যাণ পর্ষদ গঠনের সিদ্ধান্ত নিল অর্থ দফতর। এই পর্ষদের চেয়ারম্যান হতে চলেছেন আবগারি কমিশনার।

□ এই প্রথম ইজরায়েল যাওয়ার জন্য রাষ্ট্রায়ত্ত বিমান সংস্থা 'এয়ার ইন্ডিয়া'কে তাদের আকাশ পথ ব্যবহারে অনুমতি দিল সৌদি আরব। প্রসঙ্গত উল্লেখ্য, এতদিন লোহিত সাগর ও এডেন সাগর হয়ে ঘুরপথে ইজরায়েলে পৌঁছতো ভারতীয় বিমান। সৌদির অনুমতি পাওয়ায় এবার থেকে ২ ঘন্টা ১০ মিনিট সময় সাশ্রয় হবে।

□ পশ্চিমবঙ্গের মধ্যে দিয়ে বয়ে চলা ১৭টি নদীর বিস্তীর্ণ অংশকে দূষিত বলে ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, এই ১৭টি নদী হল, বরাকর, চূর্ণি, দামোদর, দ্বারকেশ্বর, দ্বারকা, গঙ্গা, জলঙ্গি, কালজানি, কোশি, করলা, মহানন্দা, মাথাভাঙা, ময়ূরাক্ষী, রূপনারায়ণ, শিলাবতী, তিস্তা ও বিদ্যাধরী।

□ ঘুস নেওয়ার অভিযোগে দক্ষিণ কোরিয়ার প্রাক্তন প্রেসিডেন্ট লি মায়াং ব্যাকের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করল সেদেশের আদালত।

□ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ব্যক্তিগত আইনজীবী দলের প্রধান জন ডাওড তাঁর পদ থেকে ইস্তফা দিলেন।

□ 'ইউএস এয়ার কোয়ালিটি ইনডেক্স'এর (AQI) সমীক্ষার তথ্য অনুযায়ী, বিশ্বের সবথেকে দূষিত নগরীর তালিকায় শীর্ষ স্থানে রয়েছে নেপালের রাজধানী কাঠমাণ্ডু শহর।

□ সংস্থা, কোম্পানির স্পনসর করা ৪৫৭ ভিসা স্কিম বাতিল করে দিল অস্ট্রেলিয়া। তার জায়গায় আনা হল 'টেম্পোরারি স্কিলস শর্টেজ' ভিসা প্রোগ্রাম। প্রসঙ্গত উল্লেখ্য, এই ভিসার মাধ্যমে বিদেশি কর্মীরা কাজ করতে পারবেন। তবে যাঁরা পাকাপাকিভাবে থাকার পরিকল্পনা করতেন, তাঁদের এক্ষেত্রে অসুবিধা হতে পারে। পাশাপাশি যাঁরা নতুন কাজের খোঁজে সেদেশে যান, অথবা যেসব ভারতীয় পড়ুয়া অস্ট্রেলিয়ার শিক্ষা প্রতিষ্ঠান থেকে পড়াশোনা করছেন, তাঁদের ক্ষেত্রেও এবার চাকরি পাওয়া কঠিন হয়ে উঠবে।

□ মেয়েদের ফুটবল র‍্যাঙ্কিংয়ে শীর্ষ স্থান পেল মার্কিন যুক্তরাষ্ট্র।

□ সিডনিতে অনুষ্ঠিত 'জুনিয়র শ্যুটিং বিশ্বকাপ'এ পুরুষদের ট্র্যাপ ইভেন্টে ব্রঞ্জ পদক পেলেন ভারতের ভিভান কাপুর।

২৪ মার্চ : খেলার মাঝেই বুকে বল লেগে ক্রোয়েশিয়ান ফুটবলার ব্রুনো বোবান (২৫ বছর) মারা গেলেন।



সিডনিতে অনুষ্ঠিত 'জুনিয়র শ্যুটিং বিশ্বকাপ'এ মেয়েদের ১০ মিটার এয়ার পিস্তল ব্যক্তিগত বিভাগে সোনার পদক পেলেন ভারতের মনু ভাকের।

□ পেরুর প্রেসিডেন্ট হলেন মার্টিন আলবের্তো ভিজকারা কর্নেজো।

□ রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন মন্ত্রী রেজ্জাক মোল্লা জানালেন, বাংলার তাজা ফল ও সবজি ইউরোপের বিভিন্ন দেশে রফতানি হবে। এজন্য প্রায় ১৫ কোটি টাকা খরচ করে 'হট ওয়াটার প্ল্যান্ট' তৈরি করা হয়েছে।

□ গুজরাতের দ্বাদশ শ্রেণির রাষ্ট্রবিজ্ঞানের পাঠ্যবই থেকে 'অ্যান্টি মুসলিম' শব্দটি বাদ দিল 'ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং' কর্তৃপক্ষ। নতুন অধ্যায়ের নাম হতে চলেছে 'পলিটিক্স ইন ইন্ডিয়া সিন্স ইন্ডিপেন্ডেন্স'।

□ শিক্ষা প্রতিষ্ঠানে বোরখা পড়ার ওপর নিষেধাজ্ঞা চাপানোর জন্য আইন আনার সিদ্ধান্ত নিল নরওয়ে সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, এই প্রস্তাব অনুযায়ী, সব স্কুল, বিশ্ববিদ্যালয়ে নিকাব ও বোরখা পড়া যাবে না। দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান এই নিষেধাজ্ঞার আওতায় থাকবে।

□ অস্ট্রেলিয়ার 'গোল্ড কোস্ট কমনওয়েলথ গেমস'এর উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের পতাকা বহন করলেন ভারতের মহিলা শাটলার পুসারলা ভেঙ্কটা সিন্ধু।

□ ভি. ভাস্করকে ৬-১ ব্যবধানে হারিয়ে 'এশিয়ান বিলিয়ার্ডস চ্যাম্পিয়নশিপ'এ চ্যাম্পিয়ন হলেন ভারতের পঙ্কজ আর্জন আদবানী।



পশুখাদ্য কেলেঙ্কারির চতুর্থ মামলায় আরজেডি সুপ্রিমো তথা বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী লালুপ্রসাদ যাদবকে মোট ১৪ বছরের কারাদণ্ড দিল রাঁচির বিশেষ সিবিআই আদালত।

২৫ মার্চ : রহস্যজনকভাবে দক্ষিণ কোরিয়ার বিখ্যাত পপ তারকা সিও মিন ওউ (৩৩ বছর) মারা গেলেন।

□ জলে আপৎকালীন অবস্থায় পর্যটকদের উদ্ধারের জন্য 'সি স্কুটার' কেনার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার।

□ পথ দুর্ঘটনাগ্রস্তদের বাঁচাতে জাতীয়, রাজ্য সড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ রাস্তার ওপর ৮টি ট্রমা সেন্টার চালু করার সিদ্ধান্ত নিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এর মধ্যে ৬টি তৈরি হচ্ছে কেন্দ্র-রাজ্য যৌথ অর্থ সাহায্যে। বাকি দু'টির অর্থভার বহন করবে পশ্চিমবঙ্গ সরকার।

□ আঙুলের ছাপ, চোখের মণির পর এবার থেকে তৃতীয় বিকল্প হিসাবে আধার কার্ড তৈরির সময় মুখের ছবিও নেওয়া হবে। ১ জুলাই থেকে এই নিয়ম চালু করতে চলেছে 'ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া' (UIDAI)।

□ দেশের ১৮তম রাজ্য হিসাবে প্লাস্টিকের ব্যবহার নিষিদ্ধ করল মহারাষ্ট্র সরকার।

□ ১ ঘন্টা এগিয়ে দেওয়া হল ইতালির ঘড়ির কাঁটা। এদিন স্থানীয় সময় রাত দু'টোয় এই বদল ঘটানো হয়। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতি বছর এই দেশটিতে দু'বার ঘড়ির কাঁটা ১ ঘন্টা করে বদল করা হয়। তাই ঘড়িতে যখন রাত দু'টো বাজবে, তখন ১ ঘন্টা এগিয়ে রাত ৩টে করা হবে।

□ পেট্রোলিয়াম স্পোর্টস প্রোমোশন বোর্ডকে ২-১ ব্যবধানে হারিয়ে 'জাতীয় হকি চ্যাম্পিয়নশিপ'এ চ্যাম্পিয়ন হল পঞ্জাব।

□ 'অস্ট্রেলিয়ান গ্র্যান্ড প্রিক্স'এ চ্যাম্পিয়ন হলেন জার্মান রেসিং ড্রাইভার সেবাস্তিয়ান ভেটেল।

□ ওয়েস্ট ইন্ডিজকে ৭ উইকেটে হারিয়ে 'বিশ্বকাপের যোগ্যতা অর্জন টুর্নামেন্ট'এ চ্যাম্পিয়ন হল আফগান-ই-স্তান।

□ হংকংকে ৪-২ গোলে হারিয়ে 'অনূর্ধ্ব-১৬ জকি কাপ'এ চ্যাম্পিয়ন হল ভারত।

২৬ মার্চ : পঞ্চায়েত এলাকায় শৌচালয় তৈরি ও ব্যবহারে দেশের সব রাজ্যকে পিছনে ফেলে প্রথম সারিতে জায়গা করে নিল পশ্চিমবঙ্গের 'মিশন নির্মল বাংলা'।

□ পরমাণু নিরস্ত্রীকরণ চুক্তি না মানায় পাক-ই-স্তানের ৭টি সংস্থার ওপর নিষেধাজ্ঞা জারি করল মার্কিন যুক্তরাষ্ট্র।

□ ফাঁসি দেওয়ার ৮৭ বছর পর ভারতের স্বাধীনতা সংগ্রামের বীর বিপ্লবী শহীদ ভগৎ সিংয়ের বিচার সংক্রান্ত মামলার নথি প্রদর্শনীর ব্যবস্থা করল পাক-ই-স্তান সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, এই প্রথম ভগৎ সিংয়ের বিরুদ্ধে বিচার সংক্রান্ত মামলার নথি প্রকাশ করল পাক-ই-স্তান।

□ সিডনিতে অনুষ্ঠিত 'জুনিয়র শ্যুটিং বিশ্বকাপ'এ ছেলেদের ২৫ মিটার র‍্যাপিড ফায়ার পিস্তলে সোনার পদক পেলেন ভারতের অনীশ ভানওয়ালা।

২৭ মার্চ : 'মল্লিকা সেনগুপ্ত জাতীয় কবিতা পুরস্কার' পেলেন কাশ্মীরি কবি নিঘাত সাহিবা।



ছোটপর্দার জনপ্রিয় অভিনেতা করণ পরাঞ্জপে (২৬ বছর) মারা গেলেন।

□ পশ্চিমবঙ্গের আইপিএস অফিসার অনিল কুমার (৫০ বছর) মারা গেলেন। স্বরাষ্ট্র দফতরের সচিব (সমন্বয়) পদে কর্মরত ছিলেন তিনি।

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



□ বর্ণবিদ্বেষ বিরোধী আন্দোলনের অন্যতম মুখ লিন্ডা ব্রাউন (৭৬ বছর) মারা গেলেন।

□ বিশ্বব্যাঙ্কের নির্দেশিকা মেনে শিল্পক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপ করার ক্ষেত্রে শতকরা ১০০ নম্বর পেয়ে শিল্পবান্ধব রাজ্য হিসাবে প্রথম স্থানে উঠে এল পশ্চিমবঙ্গ সরকার।



পাক-ই-স্তানের টেলিভিশন চ্যানেলে প্রথম রূপান্তরকামী সঞ্চালক হলেন মার্ভিয়া মালিক।

□ সিডনিতে অনুষ্ঠিত 'জুনিয়র শ্যুটিং বিশ্বকাপ'এ ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে মিক্সড ডাবলসে সোনার পদক পেলেন ভারতের মনু ভাকের ও আনমোল জুটি।

**২৮ মার্চ :** ইথিওপিয়ার প্রধানমন্ত্রী হতে চলেছেন ড. আবি আহমেদ আলি।

□ সাউথ সিটির পিছনে বিক্রমগড় ঝিলে শহরের প্রথম ভাসমান সৌরবিদ্যুৎ প্রকল্প তৈরি হতে চলেছে। এমনই অভিনব পরিকল্পনা নিয়েছে কলকাতা পুর নিগম ও রাজ্য বিদ্যুৎ দফতর।

□ ভারতের বিভিন্ন শহরে ও প্রত্যন্ত এলাকায় পানীয় জল পৌঁছে দিতে এক নতুন পরিকল্পনা চালু করার সিদ্ধান্ত নিল মার্কিন প্রশাসন। প্রসঙ্গত উল্লেখ্য, নয়াদিল্লির মার্কিন দূতাবাসে সাংবাদিক বৈঠকে জানা গেছে, সারা দেশে কয়েকশো জলশোধনাগার কেন্দ্র গড়া হবে। এছাড়াও, দেশের বিভিন্ন রেল স্টেশন, বাসস্টপ, শপিং মল, কলেজ ও স্কুলে 'ওয়াটারহেলথ ভেন্ডিং মেশিন' বসানো হবে। এই মেশিন থেকে একবারে ৩০০ মিলিলিটার থেকে ৫ লিটার পর্যন্ত জল পাওয়া যাবে।

মায়ানমারের নতুন প্রেসিডেন্ট হলেন উইন মিন্ট।


□ 'জুনিয়র শ্যুটিং বিশ্বকাপ'এ মেয়েদের ২৫ মিটার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন ভারতের মুসকান ভানওয়ালা।

□ দিল্লির 'মাদাম তুসো'র জাদুঘরে জায়গা পেতে চলেছে ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক বিরাট কোহলির মোমের মূর্তি।


বল বিকৃতি কাণ্ডে ৩ ক্রিকেটার স্টিভ স্মিথ, ডেভিড ওয়ার্নার ও ক্যামেরন ব্যানক্রফটকে দৃষ্টান্তমূলক শাস্তি দিল ক্রিকেট অস্ট্রেলিয়া। ১ বছরের জন্য আন্তর্জাতিক ও প্রথম শ্রেণির ক্রিকেটে খেলতে পারবেন না স্টিভ স্মিথ ও ডেভিড ওয়ার্নার। ৯ মাসের জন্য নির্বাসিত করা হয়েছে ক্যামেরন ব্যানক্রফটকে।

**২৯ মার্চ :** আন্ধ্রা প্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে বিকেল ৪.৫৬ মিনিটে জিএসএলভি-০৮ রকেটের পিঠে চেপে মহাকাশে পৌঁছে গেল দেশীয় প্রযুক্তিতে তৈরি 'জিস্যাট-০৬ এ' যোগাযোগ উপগ্রহ। উৎক্ষেপণের ১৭ মিনিট পর, নির্দিষ্ট কক্ষপথে অত্যন্ত সাফল্যের সঙ্গে 'জিস্যাট-৬ এ' উপগ্রহকে প্রতিস্থাপন করা হয়। দেশের মোবাইল যোগাযোগ ব্যবস্থাকে দ্রুততর করে তোলা ও সেনাবাহিনীর টেলিযোগাযোগ ব্যবস্থাকে আরও উন্নত করে তোলাই এটির লক্ষ্য।

□ রাজ্য সরকার স্বীকৃত সাংবাদিকদের জন্য অবসরভাতা প্রকল্পের বিজ্ঞপ্তি বের হল। তাতে বলা হয়েছে, কমপক্ষে ১০ বছর রাজ্য সরকার স্বীকৃত কার্ডে ধারক হতে হবে উপভোক্তা সাংবাদিককে। ৬০ বছর বয়সের পর থেকে প্রতি মাসে আড়াই হাজার টাকা করে সরাসরি সাংবাদিকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে যাবে। এছাড়াও, যাঁদের স্বীকৃত কার্ড নেই, তাঁরাও ৬০ বছরের পর সংশ্লিষ্ট সংবাদমাধ্যমে ১৫ বছরের কাজের প্রমাণ দেখাতে পারলেই অবসরভাতা পাবেন।

□ কলকাতা পুর নিগমের মেয়র শোভন চট্টোপাধ্যায় জানালেন, কলকাতা শহরে যাঁরা নতুনভাবে ব্যবসা শুরু করবেন, তাঁদের পরপর ৫ বছর সম্পত্তি করে ৫০% ছাড় দেওয়া হবে।

□ যেসব সরকারি আধিকারিকের বিরুদ্ধে অপরাধ বা, দুর্নীতির অভিযোগ রয়েছে, তাঁদের পাসপোর্ট দেওয়া হবে না বলে জানালো কেন্দ্রীয় কর্মীবর্গমন্ত্রক।

□ আম্বেদকরের নামের মধ্যে 'রামজি' ঢোকানোর সিদ্ধান্ত নিল উত্তর প্রদেশ সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, সংবিধানের অষ্টম ধারা মেনে আম্বেদকরের পুরো নাম 'ভীমরাও রামজি আম্বেদকর' লেখা হবে সরকারি কাজকর্মে। এছাড়া, হিন্দিতে এবার থেকে 'অম্বেদকর' শব্দটি উচ্চারিত হবে 'আম্বেডকর' হিসাবে।

□ কারাগারের ভিতরে বিশৃঙ্খলা ও অগ্নিসংযোগে অন্তত ৬৮ জন মারা গেলেন ভেনেজুয়েলায়।

□ পৃথিবীকে ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুরক্ষিত ও বাসযোগ্য করে তোলার ডাক দিল বিশ্বের প্রথম মানব রোবট 'সোফিয়া'।

□ 'বিশ্ব শ্যুটিং প্যারা স্পোর্টস বিশ্বকাপ'এ ৫০ মিটার রাইফেল বিভাগে সোনার পদক পেলেন ইরানের মহিলা শ্যুটার সারে জাভানমারদি।

□ 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ সানরাইজার্স হায়দরাবাদ দলের অধিনায়ক হলেন কেন উইলিয়ামসন।

**৩০ মার্চ :** মণিপুরের প্রাক্তন মুখ্যমন্ত্রী রাজ কুমার দোরেন্দ্র সিং (৮৩ বছর) মারা গেলেন।

□ ডুবোজাহাজ থেকে স্বদেশজাত ক্ষেপণাস্ত্র 'বাবর'এর সফল পরীক্ষামূলক উৎক্ষেপণ ঘটালো পাক-ই-স্তান। এই ক্ষেপণাস্ত্র ৪৫০ কিলোমিটার দূরের কোনো লক্ষ্যবস্তুকে আঘাত করতে সক্ষম হবে। সমুদ্রের তলদেশ থেকে নিখুঁতভাবে নিশানায় পৌঁছাবে 'বাবর'।

□ এবার অনলাইনে বিয়ের রেজিস্ট্রেশন চালু করতে চলেছে পশ্চিমবঙ্গ সরকার। বিশ্বের যেকোনো প্রান্ত থেকে অনলাইনেই বিয়ের রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন পাত্র-পাত্রীরা।

□ পেট্রোপণ্য বোঝাই প্রথম জাহাজ মার্কিন মুলুক থেকে ভারতে এল। এর ফলে কয়লা ও অন্যান্য পুনর্নবীকরণ দ্রব্যের ক্ষেত্রে ভারত-মার্কিন যুক্তরাষ্ট্র, এই দুই দেশের মধ্যে সম্পর্ক আরও দৃঢ় হবে।

কর্ণাটক বিধানসভা নির্বাচনে ক্রিকেটার রাহুল দ্রাবিড়কে প্রচারদূত করল নির্বাচন কমিশন।


□ মধ্য প্রদেশে সরকারি কর্মচারীদের অবসরের বয়স ৬০ বছর থেকে বাড়িয়ে ৬২ বছর করার কথা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। এর ফলে রাজ্যের ৫ লাখ নিয়মিত সরকারি কর্মচারী উপকৃত হবেন।

□ পাক-ই-স্তান সীমান্তের কাছে পরিকাঠামো নির্মাণ জোরদার করার অংশ হিসাবে ভারতীয় বিমান বাহিনীর জন্য গুজরাতের বনসকান্থা জেলার দিসা এলাকায় এক নতুন ফ্রন্টলাইন এয়ারবেস গড়ার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। এটি তৈরি করতে ১,০০০ কোটি টাকা খরচ করা হবে বলে ধারণা করা হচ্ছে।

□ পৃথিবীর সবথেকে দীর্ঘতম সেতু তৈরি করার সিদ্ধান্ত নিল চিন। এটি হংকং, ম্যাকাও, মেন ল্যান্ডচায়নার সঙ্গে সংযোগ স্থাপন করবে।

□ সিরিয়া থেকে শীঘ্রই সেনা প্রত্যাহার করার কথা ঘোষণা করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

□ পাক-ই-স্তানের বিরুদ্ধে টোয়েন্টি-২০ সিরিজে ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলকে নেতৃত্ব দেবেন জেসন মহম্মদ।

**৩১ মার্চ :** 'বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া'এর (BCCI) দুর্নীতি দমন শাখার প্রধান হলেন অজিত সিং।

□ ১৯৭১ সালে কাশ্মীরিদের হাতে ছিনতাই হওয়া 'ইন্ডিয়ান এয়ারলাইন্স' বিমানের পাইলট ক্যাপ্টেন এম.কে. কাছরু (৯৩বছর) মারা গেলেন।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের 'মেরিল্যান্ড বিশ্ববিদ্যালয়'এর বিজ্ঞানীদের সমীক্ষা অনুযায়ী, আবহাওয়ার বদলের কারণে ১৯২০ সালের নিরিখে 'সাহারা মরুভূমি'র আয়তন বেড়েছে ১০%। এজন্য দায়ী মানুষ। দলের অন্যতম ভারতীয় বংশোদ্ভূত বিজ্ঞানী সুমন্ত নিগম জানিয়েছেন, এটা যেকোনো মরুভূমির জন্যই প্রযোজ্য। মরু অঞ্চলে বছরে ১০০ মিলিমিটার বা, তার কম বৃষ্টি হয়। তা কমছে।

□ নদিয়া জেলার কল্যাণীর কাছে 'ঈশ্বর গুপ্ত' সেতুর পাশে এক নতুন সেতু তৈরি করার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, ডানকুনি থেকে মগরা হয়ে ৩৪ নম্বর জাতীয় সড়ক পর্যন্ত এই সেতুর ওপর ছয় লেনের নতুন রাস্তা তৈরি হবে। এজন্য পশ্চিমবঙ্গ সরকার ১,৭৫০ কোটি টাকা বরাদ্দ করেছে।

□ ঢাকা থেকে এবার সরাসরি বাস চলবে কাঠমান্ডু পর্যন্ত। মাঝে ছুঁয়ে যাবে শিলিগুড়ি। এই প্রথম শিলিগুড়ি হয়ে তিনটি দেশের মধ্যে সরাসরি বাস চলাচল শুরু হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২৩ এপ্রিল ঢাকা থেকে ছেড়ে 'শ্যামলী পরিবহণ'এর একটি বাস শিলিগুড়ি এসে পৌঁছাবে। ২৪ এপ্রিল শিলিগুড়িতে রাত্রিযাপন। ২৫ এপ্রিল বাসটি পানিট্যাঙ্কি-কাঁকড়ভিটা হয়ে পৌঁছাবে নেপালের নারায়ণঘাটে। সেখানে রাত্রিযাপন করে বাসটি কাঠমান্ডু পৌঁছাবে ২৬ এপ্রিল।

□ রাজ্যের যেসব গ্রামে কোনো ব্যাঙ্কের শাখা নেই, সেখানে সব ঋণদানকারী সমবায় সমিতিকে ব্যাঙ্কের মর্যাদা দিতে চলেছে রাজ্য সমবায় দফতর। মোট ২,৬০০টি সমিতি ব্যাঙ্কের মর্যাদা পাবে। এইসব সমিতি থেকে ঋণের পাশাপাশি ব্যাঙ্কের যাবতীয় সুযোগসুবিধা পাওয়া যাবে।

□ পুরনো দিল্লি রেলস্টেশন থেকে জম্মু মেলে ৬ জন যাত্রীকে নিয়ে এই প্রথম বেসরকারি সংস্থার বিলাসবহুল সেলুন কোচ প্রথম যাত্রা শুরু করল। প্রসঙ্গত উল্লেখ্য, শীতাতপ নিয়ন্ত্রিত ঘর-সহ ডাইনে পরিষেবা ও অ্যাটাচড শৌচাগারও রয়েছে এই কোচে। আপাতত রেলওয়ে অফিসার ও ভিআইপিরা এই কোচে সফর করতে পারবেন।

□ 'উকলার স্পিড টেস্ট রিপোর্ট'এর তথ্য অনুযায়ী, মোবাইল ডেটা ব্যবহারের নিরিখে বিশ্বে বৃহত্তম হলেও ইন্টারনেট ডাউনলোড স্পিডের নিরিখে ১০৯তম স্থানে রয়েছে ভারত।

□ নিষেধাজ্ঞা এড়িয়ে উত্তর কোরিয়াকে পণ্য পাচার ও সহযোগিতা করার জন্য ২১টি জাহাজ সংস্থা ও ২৭টি জাহাজকে 'কালো তালিকাভুক্ত' করল রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদ। প্রসঙ্গত উল্লেখ্য, নিষিদ্ধ তালিকায় থাকা এইসব তেলবাহী ট্যাঙ্কার ও পণ্যবাহী কার্গো জাহাজ পৃথিবীর কোনো দেশের বন্দরে পণ্য নিয়ে যেতে পারবে না। আর তালিকায় নাম থাকা উত্তর কোরিয়ার এইসব প্রতিষ্ঠানের সম্পত্তি বাজেয়াপ্ত করা হবে।

**১ এপ্রিল :** শ্রীলঙ্কার ত্রিনকোমালি পোতাশ্রয়ে জলের ৩৫ ফুট গভীর থেকে উদ্ধার হল দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানি বিমানবাহিনীর হামলায় ডুবে যাওয়া ব্রিটিশ যাত্রীবাহী জাহাজ। 'দ্য এস এস সাগাইং' নামের এই জাহাজটি ১৯৪২ সালে জাপানের হামলার কবলে পড়ে ডুবে যায়। প্রায় ৭৫ বছর পর এই জাহাজটিকে উদ্ধার করল শ্রীলঙ্কার নৌবাহিনী। এই জাহাজটিকে ভাসিয়ে রাখার জন্য নৌবাহিনী জাহাজকে জেটি হিসাবে ব্যবহার করা হয়েছে।

□ রাজ্যের ৬টি জেলার বেশ কয়েকটি খাল ও নদী সংস্কারের সিদ্ধান্ত নিল পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতর। সেচ দফতরের সঙ্গে যৌথ উদ্যোগে ২০১৮-'১৯ আর্থিক বছর থেকে এই প্রকল্পের কাজ শুরু হবে।

□ রাজ্য সড়কে চলাচলকারী ব্যক্তিগত যানকে টোল ট্যাক্সের আওতার বাইরে রাখার সিদ্ধান্ত নিল রাজস্থান সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, সরকারি হিসাবে দেখা গেছে, মোট ৫৬টি রাজ্য সড়কে প্রতিদিন প্রায় ১ লাখ ২৫ হাজার ব্যক্তিগত যান চলাচল করে। একাধিক সড়কপথে মোট ১৩৪টি টোল প্লাজায় কর সংগ্রহ করা হয়।

সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

□ 'ইন্ডিয়ান সেলুলার অ্যাসোসিয়েশন'এর তথ্য অনুযায়ী, কেন্দ্রীয় টেলিযোগাযোগ মন্ত্রী মনোজ সিনহা ও তথ্য প্রযুক্তি মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ জানালেন, চিনের পরেই দ্বিতীয় বৃহত্তম মোবাইল প্রস্তুতকারী দেশ হিসাবে জায়গা করে নিল ভারত।

□ জাতীয় নিরাপত্তার কারণে মেসেজিং অ্যাপ্লিকেশন 'টেলিগ্রাম' বন্ধ করে দিয়ে তার বদলে নিজস্ব মেসেজিং অ্যাপ চালু করার সিদ্ধান্ত নিল ইরান সরকার।

□ এইচ-ওয়ান বি ভিসা দেওয়ার ক্ষেত্রে নিয়ম আরও কঠোর করার সিদ্ধান্ত নিল মার্কিন প্রশাসন। প্রসঙ্গত উল্লেখ্য, এই ভিসা প্রদানকারী সংস্থা 'ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস'এর (USCIS) তরফ থেকে জানানো হয়েছে, একই ব্যক্তির নামে একাধিক ভিসার আবেদন নাকচ করে দেওয়া হবে।

□ বাংলাকে টাইব্রেকারে ৪-২ ব্যবধানে হারিয়ে 'সন্তোষ ট্রফি'তে চ্যাম্পিয়ান হল কেরল।

□ লাটভিয়ার জেলেনা অস্তাপেঙ্কোকে ৭-৬ (৭-৫) ও ৬-১ ব্যবধানে হারিয়ে 'মিয়ামি ওপেন টেনিস'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ান হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের স্লোয়ান স্টিফেন্স।

□ জার্মানির আলেকজান্ডার জেভেরেভকে ৬-৭ (৪-৭), ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে 'মিয়ামি ওপেন টেনিস'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ান হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের জন ইসনের।

□ মোনাকোকে ৩-০ গোলে হারিয়ে ফ্রান্সের 'কুপ দে লা লিগ'এ চ্যাম্পিয়ান হল প্যারিস সেইন্ট জার্মেইন।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
সাধারণ জ্ঞান
১৩২ পাতা
দাম : ১০ টাকা
মার্চ সংখ্যা বেরিয়েছে
রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার
৪ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আবগারি দফতরে সাব-ইন্সপেক্টর
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
প্রাইমারি টিচারের 'TET'
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
● ভারত ও ভারতীয়দের বিশ্বরেকর্ড ● একনজরে ইতালি ● শিরোনামে আসা বই ● ইংরিজি, G.I. ও অঙ্কের শর্টকাট টিপস ● জীবন গড়ার ম্যানেজমেন্ট ● খেলতে খেলতে নজির গড়া ● তথ্যের মোড়কে জানা অজানা ● নোটবুক

ভারতীয় লেখকদের বিখ্যাত ইংরিজি বই
সেরা বিজ্ঞানীদের অভিধান

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## স্কুল সার্ভিসের

■ *ফিজিক্যাল এডুকেশন বিষয়ের পরীক্ষার ফল বেরিয়েছে। ওয়েবসাইটে জানতে পারলাম আমার রেজাল্ট 'Rejected Due to the Overage. বিষয়টি জানতে চাই। আমি প্যারা টিচার, বয়স ৫০ বছর। — রণজিৎ পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ যে তারিখের হিসাবে বয়স চাওয়া হয়েছিল, সেই তারিখের হিসাবে বয়স বেশি হয়ে যাচ্ছে কিনা দেখুন। পরিস্কার না হলে স্কুল সার্ভিস কমিশনের অফিসে যোগাযোগ করুন।

## নেট ও সেট'এর

■ *ও.বি.সি. - এ ক্যাটেগরির প্রার্থী। মাধ্যমিকে ৫৭%, উচ্চমাধ্যমিকে ৬১%, বি.এ. পাস কোর্সে ৫৬%, বি.এড.'এ ৬০%, এম.এ. বাংলা বিষয়ে ৫৪% নম্বর আছে। 'নেট' বা, 'সেট' পরীক্ষা দিতে পারব কি? 'নেট' বা, 'সেট'এ সফল হলে বাংলা বিষয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হতে পারব কি? — সদবুল ইসলাম, গৌরবাজার, বাঁকুড়া।*

■■ হ্যাঁ, পারবেন।

## ইউ.পি.এস.সি.'র

■ *আর্টস শাখায় গ্র্যাজুয়েট হওয়ার পর আই.পি.এস. পরীক্ষার জন্য দরখাস্ত করতে পারব কি? এই পরীক্ষার জন্য শারীরিক সক্ষমতা কেমন থাকতে হবে? এই পরীক্ষার জন্য মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা, ডিগ্রি কোর্সে কেমন নম্বর পেতে হবে? — অর্ঘ সরকার, করিমপুর, নদিয়া।*

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইউ.পি.এস.সি.'র আই.পি.এস. পরীক্ষার জন্য দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন। ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস পরীক্ষায় সফল হলে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্সে পাওয়া নম্বরের কোনো কড়াকড়ি নেই।

## প্রাইমারির

■ *২০১৫ সালে উচ্চমাধ্যমিক 'টেট'এর অ্যাডমিট কার্ড হারিয়ে গেছে। ইন্টারভিউয়ের কল লেটার পেতে অসুবিধা হবে কি? — কমল দাস, রূপুর, বোলপুর, বীরভূম।*

■■ ইন্টারভিউয়ের কল লেটার পেলে অ্যাডমিট কার্ড দেখতে চাওয়া হয়। সেক্ষেত্রে না দেখাতে পারলে অসুবিধা হবে। তাই এখনই স্থানীয় পুলিশ স্টেশন জেনারেল ডায়েরি করে রাখুন।

■ *প্রাইমারি 'টেট'এর পরীক্ষার দিন ঠিক হয়েছে কি? কোনো এক ওয়েবসাইটে দেওয়া হয়েছে প্রাইমারি 'টেট'এর পরীক্ষা হবে ২৯ এপ্রিল। এই তথ্যটি কি সঠিক? — বিকাশ দাস, হাওড়া।*

■■ পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি মানিক ভট্টাচার্য জানান, প্রাইমারি টিচার পদের 'টেট'এর পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। কবে পরীক্ষা নেওয়া হবে তাও এখনো জানানো যাচ্ছে না। তবে প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইট জাল করে সেখানে পর্ষদের সচিব রত্না বাগচির স্বাক্ষর -সহ এক বিজ্ঞপ্তি প্রকাশ করেছে যে প্রাইমারি 'টেট' হবে ২৯ এপ্রিল। আর ১৫ এপ্রিল থেকে অ্যাডমিট কার্ড অনলাইনে ডাউনলোড করতে পারবেন। পর্ষদের পক্ষ থেকে সব প্রার্থীদেরকে জানানো যাচ্ছে, প্রাইমারি 'টেট'এর কোনো পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। পর্ষদের ওয়েবসাইট জাল করে এই তথ্য প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে পুলিশ স্টেশন লিখিত অভিযোগ করা হয়েছে। পুলিশ তদন্ত করছে।

## প্রতিরক্ষা কারখানায়

■ *অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়ার বিজ্ঞপ্তি কবে বেরোবে? শিক্ষাগত যোগ্যতা কি থাকা দরকার? প্রার্থী বাছাই কীভাবে হয়? — বিশ্বজিৎ খামরুই, পশ্চিম মেদিনীপুর। জয়ন্ত ভৌমিক, ঘোষ কলোনি, হুগলি।*

■■ কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন পশ্চিমবঙ্গ-সহ দেশের ৩৯টি অস্ত্র তৈরির কারখানা 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে প্রতি বছরই কয়েক হাজার ছেলেমেয়ের ট্রেনিং দেওয়া হয়। অঙ্ক ও বিজ্ঞান অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এই দুই বিষয়ের প্রতিটিতে ৪০% ও মাধ্যমিকে মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে 'নন-আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদন করতে পারেন। এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত আই.টি.আই. থেকে যে কোনো একটি ট্রেডে ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ছেলেরা 'আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদনের যোগ্য। সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৪ থেকে ২২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিংয়ে সফল হলে চাকরি হতে পারে। তবে চাকরি দেওয়াটা বাধ্যতামূলক নয়। হস্টেল নেই। ট্রেনিং চলাকালীন ডাক্তারি খরচ পাবেন। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে পূর্ব-ভারতে কলকাতায়। 'নন-আই.টি.আই. বা, ফ্রেশার' আর আই.টি.আই. প্রার্থীদের বেলায় এক প্রশ্নপত্রে ১৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের পরীক্ষা হবে এইসব বিষয়ে: (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) অঙ্ক ও অ্যাপ্টিটিউড /রিজনিং। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। সময় থাকবে ৩ ঘন্টা। নেগেটিভ মার্কিং নেই। কোনো ইন্টারভিউ নেই। সব ক্ষেত্রে প্রশ্ন হবে বাংলা, ইংরিজি, হিন্দি বা, ওড়িয়ায়। সফল হলে ডাক্তারি পরীক্ষা। বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : www.ofb.gov.in

## পুলিশে চাকরির

■ *এবছর রাজ্য পুলিশ, কলকাতা পুলিশ ও জঙ্গল মহল পুলিশে লোক নেওয়া হবে কি? — শঙ্কর দাস, রামচন্দ্রপুর, বাঁকুড়া।*

■■ হ্যাঁ, এবছর রাজ্য পুলিশে কনস্টেবল পদে প্রায় ৫,৭০২ জন লোক নেওয়ার বিজ্ঞপ্তি বেরিয়েছে। বিস্তারিত তথ্য এই সংখ্যায় দেওয়া হয়েছে। কলকাতা পুলিশ ও জঙ্গল মহলে নিয়োগের বিষয়ে আপাতত কোনো সিদ্ধান্ত হয়নি।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে লেডি কনস্টেবল পদের প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — বাবলি বর্মন, দিনহাটা, কোচবিহার।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## পাব্লিক সার্ভিসের

■ *ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? — গোলাম সারওয়ার জাহান, বর্ধনপুর, মৃদাদপুর, মুর্শিদাবাদ।*

■■ পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন ব্লকের 'ব্লক ডেভেলপমেন্ট অফিসার', 'কমার্শিয়াল ট্যাক্স অফিসার', 'অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স অফিসার', 'এক্সাইজ অফিসার', 'কো-অপারেটিভ সোসাইটির অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার', 'লেবার অফিসার', 'ফুড অ্যান্ড সাপ্লাই অফিসার', 'এমপ্লয়মেন্ট অফিসার (টেকনিক্যাল বাদে)', 'রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভিনিউ অফিসার', 'রাজ্য পুলিশের ডি.এস.পি.', 'জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার', 'ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার্স অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস', 'অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভিনিউ অফিসার (ইরিগেশন)', 'জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার অফিসার', 'সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ অফিসার', 'অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার', 'কারেকশনাল সার্ভিসের চীফ কন্ট্রোলার অফিসার, 'কো-অপারেটিভ সোসাইটির ইন্সপেক্টর', 'পঞ্চায়েতের এক্সটেনশন অফিসার', 'পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার' ও 'রি-হ্যাবিলিটেশন অফিসার' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়ার জন্য ২০১৮ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে 'এ', 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৬ বছরের মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৩৬ বছরের মধ্যে। 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৯ বছরের মধ্যে। ২০১৯ সালের পরীক্ষার জন্য সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১-২০১৯' এর হিসাবে। ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোয় সাধারণত আগস্ট-সেপ্টেম্বর মাস নাগাদ। পরীক্ষা হয় জানুয়ারিতে।

■ *২০১৬ সালের জুনিয়র ইঞ্জিনিয়ার পদের মেকানিক্যাল শাখার ইন্টারভিউ হয়েছে। ফল কবে বেরোবে? — দীপক সরকার, হুগলি।*

■■ এ মাসেই ফল বেরোনোর সম্ভাবনা আছে।

■ *ডব্লু.বি.সি.এস. পরীক্ষার ক্ষেত্রে দরখাস্ত করার সময় থেকে কতদিন সময়ে নিয়োগ হয়? — রণজিৎ মোদক, চান্দামারী, কোচবিহার।*

■■ বিজ্ঞপ্তি বেরোনোর দিন থেকে নিয়োগ হতে অন্তত দেড় বছর সময় লাগে।

■ *ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় 'বি' গ্রুপে সফল হলে কী কী পদে চাকরি পাওয়া যায়? — সাইন সেখ, বানীপুর, মিয়াপুর, মুর্শিদাবাদ।*

■■ 'বি' গ্রুপে সফল হলে রাজ্য পুলিশের 'ডি.এস.পি.' পদে চাকরি পাওয়া যায়।

## সেনাবাহিনীর

■ *এন.আই.ও.এস. থেকে মাধ্যমিক পাশ করেছি। সেনাবাহিনীত যোগ দিতে পারব কি? — অমর মন্ডল, কালিতলা, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *মাধ্যমিকে ৩৩%, ইংরিজিতে ২৫, অঙ্কে ৩৩ নম্বর আছে। পশ্চিমবঙ্গ স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল থেকে উচ্চমাধ্যমিক পাশ করেছি। সেনাবাহিনীতে ক্লার্ক পদে যোগ্য কি? — শাকিব সুমন হক, নেহেম্বা, দক্ষিণ দিনাজপুর।*

■■ না, যোগ্য নন।

## অন্যান্য চাকরির

■ *রাজ্য সরকারের ম্যারেজ রেজিস্ট্রার হওয়ার জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — শুক্লা ঘোষ, এয়ারপোর্ট ১নম্বর, কলকাতা - ৭৯।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের বিচার বিভাগের অধীন রাজ্যের সব ব্লক, পৌরসভা ও পৌরনিগম এলাকায় কাজের জন্য 'নন-অফিসিয়াল ম্যারেজ অফিসার' পদে লোক নেওয়া হয়। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৫ থেকে ৪০ বছরের মধ্যে। যে এলাকার শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেখানকার স্থায়ী বাসিন্দা হতে হবে। যিনি দরখাস্ত করবেন, তাঁকে অফিসে নিজের খরচে টেলিফোন সংযোগ করার ব্যবস্থা করতে হবে। অন্তত ১০০ বর্গফুটের মতো অফিস করার জায়গা থাকতে হবে। একাধিক ব্লকের জন্য দরখাস্ত করবেন না। সপ্তাহে অন্তত ৬ দিন কাজ করতে হবে বেলা ১০টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত। দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের ডাকা হয়। বিজ্ঞপ্তি বেরোনোর নির্দিষ্ট কোনো সময়সীমা নেই। বিজ্ঞপ্তি বেরোলে তখন বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.banglarmukh.gov.in

উত্তর পেতে শুধুমাত্র পোস্ট কার্ড পাঠাবেন ও তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, ব্যাঙ্ক, পি.এস.সি. কিনা) তা লিখে দেবেন।

কর্মসংস্থান
জিজ্ঞাসা বিভাগ
.........................
১২ /৩ /৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যে যে পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পুনে ক্যান্টনমেন্ট বোর্ডে ক্লার্ক, নার্স, ড্রাইভার | মাধ্যমিক, নার্সিং উচ্চমাধ্যমিক | ৭১ | ৭.৪.২০১৮ | www.punecantonmentboard.org |
| কলকাতা পুর নিগম সাব-অ্যাসি. ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা | ৫৭ | ১৬.৪.২০১৮ | www.mscwb.org |
| কলকাতা পুর নিগমে সাব-অ্যাসি: ইঞ্জিনিয়ার | পলিটেকনিক | ৫৭ | ১৬.৪.২০১৮ | www.mscwb.org |
| ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে | মাধ্যমিক | ৮৯ | ২১.৪.২০১৮ | http.fri.res.in |
| ক্লার্ক, টেকনিশিয়ান, | উচ্চমাধ্যমিক | | | |
| কোচবিহার ডিস্ট্রিক্ট জজ কোর্টে স্টেনো, গ্রুপ-ডি | মাধ্যমিক | ৫৭ | ২৫.৪.২০১৮ | https://cbdcjobs.net |
| কৃষ্ণনগর, বুনিদায়পুর বর্ধমান, কামারহাটি পুরসভায় ক্লার্ক ও পিওন | এইট পাশ ও মাধ্যমিক | ১৮৫ | ২ থেকে ১০-৪-২০১৮ | www.burdwanmunicipality.gov.in www.kamarhatimunicipality.org www.wbdma.gov.in www.krishnanagarmunicipality.com |
| এয়ারপোর্টে জুনিয়র এক্সিকিউটিভ | ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি | ৫৪২ | ২৭.৪.১৮ | www.aai.aero |
| পঃবঃ পুলিশে কনস্টেবল | মাধ্যমিক | ৭০২ | ৩০.৪.২০১৮ | www.policewb.gov.in |
| UPSC ইন্ডিয়ান ইকনমিক স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসেস | পোস্ট-গ্র্যাজুয়েট | ৪৬ | ১৬.৪.২০১৮ | www.upsconline.nic.in |
| UPSC জিও-সায়েন্টিস্ট জিওলজিস্ট | পোস্ট-গ্র্যাজুয়েট | ৭০ | ১৬.৪.২০১৮ | www.upsconline.nic.in |
| সুপ্রিম কোর্টে জুনিয়র কোর্ট অ্যাটেন্ড্যান্ট | মাধ্যমিক | ৭৮ | ১৫.৪.২০১৮ | www.sci.gov.in |
| অ্যাটমিক এনার্জি এডুকেশন সোসাইটিতে শিক্ষক | উচ্চমাধ্যমিক গ্র্যাজুয়েট, পি.জি. | ৫০ | ৭.৪.২০১৮ | www.aees.gov.in |
| যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সহ-অধ্যাপক | পোস্ট গ্র্যাজুয়েট | ১১২ | ২৭.৪.২০১৮ | www.jaduniv.edi.in |

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad





# প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা পদের এবছরের সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর

পশ্চিমবঙ্গে প্রায় ১৫ হাজার প্রাথমিক শিক্ষক ও শিক্ষিকা পদের জন্য 'TET'এর দরখাস্ত নেওয়া হয়েছে। NCTE-র নতুন নিয়ম অনুযায়ী এবার শুধুমাত্র প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীরা 'TET' দিতে পারবেন। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ১৫০ নম্বরের এই 'টিচার্স এলিজিবিলিটি টেস্ট (TET)'এ থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন - ৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান - ৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা, তেমন ১ সেট প্রশ্ন ও তার চটপট উত্তর বের করার বিশ্লেষণ দেওয়া হল।

## CHILD DEVELOPMENT & PEDAGOGY

1. কোনটা বুদ্ধির প্রকার নয়?
(A) মানবিক বুদ্ধি (B) অমূর্তা বুদ্ধি
(C) মূর্তা বুদ্ধি (D) সামাজিক বুদ্ধি

2. শিক্ষকদের নিজেদের শিক্ষার্থীদের সামূহিক গতিবিধিতে শামিল করার পরামর্শ দেওয়া হয়ে থাকে ........ কারণ শেখাকে সুগম করে তোলা ছাড়া এটাতেও সহায়তা প্রদান করে —
(A) মূল্য স্বচ্ছ (B) আক্রামকতা
(C) দুশ্চিন্তা (D) সমাজীকরণ

3. পিয়াজের মতানুসারে, সংজ্ঞানাত্মক বিকাশের কোন পর্যায়ে বাচ্চা বৈস্তু স্থায়িত্ব প্রদর্শিত করে?
(A) সংবেদী প্রেরক পর্যায় (B) প্রাক-সংক্রিয়াত্মক পর্যায় (C) মূর্ত্য সংক্রিয়াত্মক পর্যায়
(D) অপারেশন্যাল সংক্রিয়াত্মক পর্যায়

4. সীমা সকল পাঠ অত্যন্ত দ্রুত শিখে নেয় অন্য দিকে লীনা শিখতে বেশী সময় নেন। এটা বিকাশের সিদ্ধান্তের প্রদর্শন করে —
(A) নিরন্তরতা (B) স্বাভাবিক থেকে বিশিষ্টের প্রতি
(C) ব্যক্তিগত ভিন্নতা (D) অন্তঃ সম্বন্ধ

5. কোহেলবার্গের মতানুসারে, সঠিক আর ভুল প্রশ্নের ব্যাপারে নির্ণয় গ্রহণ করতে শামিল চিন্তন প্রক্রিয়াকে কী বলা হয়?
(A) নৈতিক যথার্থবাদ (B) নৈতিক সুবিধা (C) সহযোগের নৈতিকতা (D) নৈতিক যুক্তি

6. এক ভালো পাঠ্য-পুস্তক......... এড়িয়ে চলে।
(A) লৈঙ্গিক পূর্বাগ্রহ (B) লৈঙ্গিক সংবেদনশীলতা
(C) লৈঙ্গিক সমানতা (D) সামাজিক দায়িত্ব

7. ডাইস্লেক্সিয়া মুখ্য রূপে'র সমস্যার সাথে সম্বন্ধিত হয় —
(A) বলা (B) বলা আর শোনা
(C) শোনা (D) পড়া

8. শ্রবণ হ্রাসে গ্রস্থ বাচ্চাদের ক্লাসে সব থেকে বেশি কোন নৈরাশ্য (কুণ্ঠা)'র মুখোমুখি হতে হয়?
(A) প্রস্তাবিত পাঠ্য-পুস্তক পড়ার অক্ষমতা (B) খেলাধুলায় অংশ গ্রহণ করার অক্ষমতা (C) অন্যদের সাথে সম্প্রেষণ ভাবের আদান প্রদান করার আর তথ্য ভাগ করে নেওয়ার অক্ষমতা (D) অন্যান্য বিদ্যার্থীদের সাথে পরীক্ষা দেওয়ার অক্ষমতা

9. সৃজনাত্মক মুখ্য রূপে ......... 'র সাথে সম্বন্ধিত হয় —
(A) অভিসারী চিন্তন (B) অপসারী (বহুবিধ) চিন্তন (C) মডেলিং (D) অনুকরণ

10. শিক্ষকদের নিজেদের শিক্ষার্থীদের ত্রুটির অধ্যয়ণ করা উচিত, কারণ তারা প্রায়ই ....'র প্রতি সংকেত করে —
(A) তাদের জ্ঞানের সীমা (B) আবশ্যক নিরাময়কারী যুক্তি (C) যোগ্যতা অনুসারে শিক্ষার্থীদের ভিন্ন গাইড লাইন্স (D) ভিন্ন প্রকারের পাঠ্যচার আবশ্যিকতা

11. যখন অতীতের শিক্ষণ নতুন পরিস্থিতির শেখাকে একেবারেই প্রভাবিত করে না .... তখন সেটাকে ... বলা হয় :
(A) শিক্ষণের ইতিবাচক স্থানান্তকরণ (B) শিক্ষণের নেতিবাচক স্থানান্তকরণ (C) শিক্ষণের শূন্য স্থানান্তকরণ (D) শিক্ষণের নিরপেক্ষ স্থানান্তকরণ

12. সৃজনাত্মক শিক্ষার্থী হচ্ছে সে, যে —
(A) ড্রইং আর পেন্টিংয়ে কুশল (B) অত্যন্ত বুদ্ধিমান (C) পরীক্ষায় প্রতি বার ভালো নম্বর প্রাপ্ত করার যোগ্য (D) পার্শ্ব (ল্যাট্যারাল) চিন্তন আর সমস্যা সমাধানে ভালো

13. প্রত্যেক বিদ্যার্থী নিজের বিশিষ্ট হয়। এর অর্থ?
(A) যে কোন দু'জন বিদ্যার্থী নিজেদের যোগ্যতা, রুচি আর প্রতিভায় এক সমান হয় না (B) শিক্ষার্থীদের মধ্যে না তো এক সমান বিশেষত্ব থাকে আর না-ই তাদের লক্ষ্য এক সমান হয় (C) সকল শিক্ষার্থীদের জন্য এক সমান পাঠ্যচর্যা সম্ভবপর হয় না (D) এক বিষম রূপ-ক্লাসে শিক্ষার্থীদের ক্ষমতা বিকশিত করা অসম্ভব হয়

14. সিদ্ধান্তের রূপে রচনাবাদ —
(A) অনুকরণের ভূমিকার ওপর কেন্দ্রিত হয় (B) দুনিয়ার ব্যাপারে নিজেদের দৃষ্টিকোণ নির্মাণ করায় শিক্ষার্থীদের ভূমিকার ওপর জোর দেয় (C) তথ্য মনে রাখা আর পুনঃস্মরণ মাধ্যমে পরীক্ষা করার ওপর জোর দেয় (D) শিক্ষকের প্রভুত্বশালী ভূমিকার ওপরে জোর দেয়

15. অবধারণাগুলোর বিকাশ মুখ্য রূপে ....যের অংশ হয় —
(A) সংবেগাত্মক বিকাশ (B) বৌদ্ধিক বিকাশ (C) শারীরিক বিকাশ (D) সামাজিক বিকাশ

16. সব থেকে গভীর আর জটিল সমাজীকরণ হয় —
(A) ব্যক্তির গোটা জীবনে (B) কিশোরাবস্থায়
(C) প্রাক-বাল্যবস্থায় (D) পৌঢ়াবস্থায়

17. শিক্ষার্থী যা কিছু আগে শিখেছে সেটার পুনরাবৃত্তি আর প্রত্যাস্মরণে শিক্ষার্থীদের সহায়তা করাটা গুরুত্বপূর্ণ হয়, কারণ —
(A) এটা যে কোন ক্লাস-অনুমোদনের পক্ষে এক সুবিধাজনক সূত্রপাত হয় (B) নতুন তথ্যকে আগের তথ্যের সাথে যুক্ত করা শেখাকে সমৃদ্ধ করে তোলে (C) এটা পূর্ব পাঠের পুনরাবৃত্তি করার এক প্রভাবশালী পদ্ধতি হয় (D) এটা শিক্ষার্থীদের স্মৃতিকে বাড়িয়ে তোলে .... যার ফলে শেখা সুদৃঢ় হয়

18. পিয়াজের মতানুসারে বিকাশের প্রথম অবস্থা (জন্ম থেকে প্রায় ২ বছর বয়স পর্যন্ত) - তে বাচ্চা ... সব থেকে ভালো ভাবে শেখে —
(A) ইন্দ্রিয়গুলো প্রয়োগের মাধ্যমে (B) নিষ্ক্রিয় শব্দগুলো বোঝার মাধ্যমে (C) অমূর্ত্য পদ্ধতিতে চিন্তনের মাধ্যমে (D) ভাবার নতুন অর্জিত জ্ঞানের অনুপ্রয়োগের মাধ্যমে

19. ভারতীয় সমাজের বহুভাষিক বিশেষত্বকে — দেখা উচিত।
(A) শিক্ষণ-প্রক্রিয়ায় বাধার রূপে (B) বিদ্যালয় জীবনকে সমৃদ্ধ করে তোলার সংশোধনের রূপে (C) বিদ্যার্থীদের শেখার জন্য প্রেরিত করতে শিক্ষক - যোগ্যতার চ্যালেঞ্জার রূপে (D) শিক্ষার্থীদের জন্য বিদ্যালয় জীবনকে এক জটিল অভিজ্ঞতা হিসাবে পেশ করার এক কারকের রূপে

20. নীচের কোন উক্তিকে শেখা'র উপলব্ধির ব্যাপারে মানা যেতে পারে না?
(A) শেখা হচ্ছে এক প্রক্রিয়া ... যেটা ব্যবহারে মধ্যস্থতা করে (B) শেখা এমন জিনিস হয় ...যেটা কিছু অভিজ্ঞতার পরিণাম স্বরূপ ঘটে (C) ব্যবহারকে অধ্যয়ন শেখায় (D) শিক্ষণও শেখার এক অংশ হয়

21. নীচের কোনটা বোঝার জন্য শিক্ষণ - কে প্রদর্শিত করে না?
(A) শিক্ষার্থীদের অবধারণাকে নিজের শব্দে অভিব্যক্ত করতে বলা (B) নিয়ম কি ভাবে কাজ করে, সেটা স্পষ্ট করার জন্য উদাহরণ প্রস্তুত করার জন্য বিদ্যার্থীদের পড়ানো (C) সমানতা আর পার্থক্য দেখা ও সাদৃশ্যতা স্থাপিত করার জন্য বিদ্যার্থীদের সহায়তা করা (D) বিদ্যার্থীদের তথ্য আর প্রক্রিয়া মনে করার যোগ্য করে তোলা

22. পুরস্কার হচ্ছে —
(A) বাহ্যিক প্রেরণা (B) আভ্যন্তরীণ প্রেরণা
(C) জন্মগত (D) সবই সঠিক

23. দুর্বল বাচ্চাদের জন্য সমেকিত শিক্ষার কেন্দ্রীয় প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে ..... তে দুর্বল বাচ্চাদের শৈক্ষিক সুযোগ প্রদান করা —
(A) রেগুলার স্কুল (B) স্পেশাল স্কুল (C) ওপেন স্কুল (D) মাইন্ড রিলিফ অ্যাসোসিয়েশন-এর স্কুল

24. শৈক্ষিক প্রযুক্তির অর্থ হচ্ছে —
(A) শিক্ষণ ক্রিয়াগুলোর যান্ত্রীকরণ করা (B) জ্ঞানের প্রচার করা (C) জ্ঞান সঞ্চয় করা (D) জ্ঞানের বিকাশ করা

25. চেয়ারে বসার সময় ছাত্রদের উরুর সাথে পায়ের কত ডিগ্রি কোণ তৈরি হওয়া উচিত?
(A) ৯০ ডিগ্রি (B) ৬০ ডিগ্রি
(C) ৪৫ ডিগ্রি (D) ৭৯ ডিগ্রি

26. বিদ্যালয় সমুন্নয়ন প্রকল্পের বিশেষত্ব হচ্ছে?
(A) শৈক্ষিক প্রবৃত্তিগুলোর ওপরেই বিশেষ জোর দেওয়া (B) শিক্ষা যোজনায় গুণগত উন্নতি নিয়ে আসা (C) শিক্ষকদের ভালোর ওপরে দৃষ্টি দেওয়া (D) কো-এডুকেশন প্রবৃত্তির ওপরে বিশেষ মনযোগ দেওয়া

27. শেখার উপযুক্ত প্রক্রিয়া কেমন?
(A) সরল থেকে কঠিন
(B) কঠিন থেকে সরল (C) সরল (D) কঠিন

28. গেস্টাল্টবাদীদের মতানুসারে অন্তর্দৃষ্টিকে প্রভাবিত করে —
(A) বৃদ্ধি (B) সমস্যার রচনা
(C) প্রত্যক্ষীকরণ (D) সবক'টা

29. কোহলর নিজের শিক্ষণ সিদ্ধান্ত প্রতিপাদিত করার জন্য কার ওপর প্রয়োগ করেছিলেন?
(A) অ্যালবার্ট নামক বাঁদরের ওপরে
(B) অ্যালবার্ট নামক শিম্পাঞ্জীর ওপরে (C) সুলতান নামক বাঁদরের ওপরে
(D) সুলতান নামক শিম্পাঞ্জীর ওপরে

30. ৬ বনমানুষ আর কলার প্রয়োগ করেছিলেন কে?
(A) কোহলর (B) স্কিনার
(C) গুড (D) ডেভিস

## ভাষা : বাংলা

31. নিচের কোনটা স্পর্শবর্ণ?
(A) য (B) র (C) শ (D) ম

32. 'ভায়ের মায়ের এত স্নেহ' — চিহ্নিত পদ দু'টি কোন রীতিতে হয়েছে?
(A) 'য়' শ্রুতি (B) অপিনিহিত
(C) অভিশ্রুতি (D) স্বরাগম

33. 'একই বৃন্তে .......... কুসুম' – শূন্যস্থানে সঠিক শব্দ বসান।
(A) তিনটি (B) দু'টি (C) চারটি (D) পাঁচটি

34. শিশুশিক্ষায় সব শিশুর ভাষাগত অভিধা এক — কে বলেছেন?
(A) ওয়াটসন (B) জন হ্যারো
(C) জোব স্কিনার (D) থর্ন ডাইক

35. শিক্ষার জন্য কোনটি আবশ্যক নয়?
(A) পিতামাতার স্বাক্ষর হওয়া (B) শিক্ষার্থীর সহযোগিতা (C) উপযুক্ত শিক্ষার পরিবেশ (D) শিক্ষকের সহযোগিতা

36. 'রতন' শব্দটি ধ্বনি পরিবর্তনের কোন রীতিতে হয়েছে?
(A) ব্যঞ্জনাগম (B) অপিনিহিতি
(C) অভিশ্রুতি (D) স্বরভক্তি

37. পিন্ডিদা চরিত্রটি কার সৃষ্টি?
(A) নারায়ণ গঙ্গোপাধ্যায় (B) নারায়ণ দেবনাথ
(C) আশুতোষ মুখোপাধ্যায় (D) নারায়ণ সান্যাল

38. 'তা ভেবেই পাই না।' — কোন বাচ্যের অন্তর্গত?
(A) ভাববাচ্য (B) কর্তৃবাচ্য (C) কর্মবাচ্য (D) কর্তৃকর্মবাচ্য

39. বঙ্কিমচন্দ্রের ইংরেজি উপন্যাসটির নাম কী?
(A) Raimohan's Wife (B) Rammohan's Wife
(C) Rajmohan's Wife (D) Laimohan's Wife

40. 'মহেশ' গল্পে মহেশের মালিক কে ছিল?
(A) তর্করত্ন মশাই (B) গফুর জোলা
(C) ফারুক হুসেন (D) মুস্তাফা

41. শুদ্ধ বানান কোনটি?
(A) উৎকৃষ্ট (B) উৎকৃক্ষ (C) উৎকৃস্থ (D) উৎক্রষ্ট

42. 'রেখো মা, দাসেরে মনে / এ মিনতি করি পদে' — এই চরণটি কোন কবির লেখা?
(A) মদনমোহন তর্কালঙ্কার (B) মধুসূদন দত্ত (C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (D) ঈশ্বরচন্দ্র গুপ্ত

43. ই ঈ বসে খায় ........। শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসান।
(A) ক্ষীর খই (B) ক্ষীর দই (C) চিড়ে দই (D) মিষ্টি খৈ

44. নিচের কোনটি শুদ্ধ বাংলা প্রত্যয়ের উদাহরণ?
(A) দুষ্ট + আমি = দুষ্টামি (B) দুষ্ট + আমি = দুষ্টালি
(C) খ্যা + ক্তি = খ্যাতি (D) দা + তব্য = দাতব্য

45. 'ভায়ের মায়ের এত স্নেহ' — অংশটি কোন কবিতার অংশ?
(A) বসুন্ধরা (B) পৃথিবী
(C) মাটির গান (D) বই পড়ো

46. 'মহামারির কবলে' — গদ্যাংশটি শরৎচন্দ্রের কোন উপন্যাসের থেকে নেওয়া?
(A) পল্লীসমাজ (B) পন্ডিতমশাই
(C) বামনের মেয়ে (D) শুভ দা

47. যদি আপনি ছাত্র ছাত্রীদের যা শেখাচ্ছেন তা বুঝতে তারা ব্যর্থ হয়, তাহলে তাদের সাহায্য করার শ্রেষ্ঠ উপায় কোনটি?
(A) সহজাত ভাষায় একই পাঠের পুনরাবৃত্তি (B) তাদের সমস্যাগুলি চিহ্নিতকরণ (C) শিক্ষকদের জন্য পথ প্রদর্শক বইগুলি পড়ে দেখা (D) তাদের পাঠ অভ্যাসের উন্নয়ন

48. যদি কোনো ছাত্র ক্লাসে প্রায়ই অনুপস্থিত থাকে ও তার কোনো বোধগম্য কারণ না থাকে, তবে নিচের কোনটি যথার্থ ব্যবস্থা হবে?
(A) প্রধান শিক্ষককে ঘটনাটি বলা ও ছাত্রটিকে স্কুল বদলানোর নির্দেশ দেওয়া (B) ছাত্রে অভিভাবককে জানানো ও তাঁকে অনুরোধ করা যেন ছাত্রটিকে অন্য স্কুলে ভরতি করেন (C) পড়ানোর বিষয় ও ক্লাসে পড়ানোর পদ্ধতি সম্বন্ধে ছাত্রটির মনোভাব ভালো করে যাচাই করা (D) ছাত্রটিকে কোন কাউন্সেলিং সাইকোলজিস্টের কাছে পাঠানো ও তার পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নেওয়া

49. ফ্রয়েডেবল শিক্ষাতত্ত্বের মূলভাবাদর্শ কোনটি?
(A) অবাধ স্বাধীনতা প্রদান (B) প্রক্ষোভমূলক আচরণের সংবহন (C) প্রতিযোগিতামূলক পরিবেশের সৃষ্টি (D) দৈহিক সুস্বাস্থ্যের বন্দোবস্থ

50. নিবিড় (Integrated) শিক্ষার সাফল্য কিসের ওপর নির্ভরশীল?
(A) শিক্ষকের চেষ্টা (B) শিক্ষার সাজসরঞ্জাম উন্নত করা
(C) পাঠ্যবইয়ের উৎকর্ষ (D) সরকারের সমর্থন

51. উত্তরপত্র দেখার সময় কী দেখে বেশি নম্বর দেওয়া উচিত শিক্ষকদের?
(A) হুবহু বইয়ের লেখা লিখেছি কি না (B) ক্লাসে দেওয়া নোট হুবহু লিখেছে কি না (C) সঠিক উত্তরটি নিজের ভাষায় লিখেছে কি না (D) রেফারেন্স বই কতটা পড়েছে

52. যৌবনাগম শৈশবের পুনরাবৃত্তি-কে বলেছেন?
(A) আর্নেস্ট জোন্স (B) কোহলর
(C) ফ্রয়েড (D) স্ট্যানলি হল

53. নিচের কোনটি তৎসম শব্দ নয়?
(A) কৃষ্ণ (B) সূর্য (C) গিন্নি (D) প্রভাত

54. নিচের কোনটি ভুল —
(A) জলরাশি (B) শিক্ষক রাশি
(C) ছাত্রবৃন্দ (D) গোরুগুলি

55. 'আহা' — কোন ধরণের অব্যয়?

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা পদের এবছরের সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর

সম্ভাব্য প্রশ্নোত্তর

(A) ধ্বন্যাত্মক (B) অনন্বয়ী
(C) সমুচ্চয়ী (D) পদান্বয়ী

56. 'বাবুরাম সাপুড়ে / কোথা যাস বাপুরে' — কোন কবির লেখা?
(A) সুকুমার রায় (B) যোগীন্দ্রনাথ সরকার
(C) সুকুমার সেন (D) সমরেশ রায়

57. 'ইচ্ছামতী' উপন্যাসটি কার লেখা?
(A) বিভূতিভূষণ মুখোপাধ্যায় (B) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (C) বিমল করা (D) বিমল মিত্র

58. 'আমি' — 'কোন ধরণের সর্বনাম?
(A) নির্দেশক (B) ব্যক্তিবাচক
(C) অনির্দেশক (D) আত্মবাচক

59. 'অরণ্যে রোদন' বাগধারাটির অর্থ কী?
(A) সবার সামনে কাঁদা (B) খারাপ সময় (C) নিষ্ফল প্রার্থনা (D) অবান্তর কথা

60. এঁদের মধ্যে সবচেয়ে নবীন কে?
(A) মধুসূদন দত্ত (B) দীনবন্ধু মিত্র
(C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (D) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

## LANGUAGE : ENGLISH

61. Comprehensive Evaluation refers to assessment to
(A) co-curricular activities (B) academic subjects (C) both scholastic and co-scholastic areas (D) summative assessment tests

62. A mixed ability group is heterogeneous in
(A) economic status (B) gender and age (C) social strata (D) knowledge and skill

63. When a teacher asks her students to write a letter after having a group discussion, she is
(A) adopting the Direct Method of language teaching (B) integrating different languages skils (C) following a traditional method (D) likely to confuse the students

64. Seating arrangement should be flexible in a language classroom because
(A) it facilitates pair work and group work (B) it reduces the responsibility of the teacher (C) it helps the teacher in maintaining discipline (D) it helps learners change their places frequently

65. All round development of a child implies.
(A) Providing vocatinal education for the learner to function in any work environment (B) Harmonious development of physical emotional and mental faculties (C) Specialized training to make the learner a 'Jack of all Trades' (D) Following the natural stages of child development

66. The most important feature of an effective language classroom is opportunity for larners to
(A) relax (B) interact (C) evaluate (D) imitate

67. In learning a new language, multilingualism is
(A) a methodology (B) an assist
(C) an interference (D) a burden

**Direction (Qs. 68-77) :** *Read the passage given below and answer the questions that follow by choosing the most appropriate option.*

The study of history provides us many benefits. First, we learn something from the past. We may repeat mistakes, but, at least, we have the opportunity to avoid them. Second, history teaches us what questions we may ask about the present. Contrary to some people's view, the study of history us not the memorization of names, dates and places. It is the thoughtful examination of the forces that have shaped the courses of human life. We can examine events from the past and then draw inferences about current events. History teaches us about likely outcomes. Another benefit of the study of history is the broad range of human experience which is covered. War and peace are certainly covered as out national and international affairs. However, matters of culture (art, literature and music) are also included in historical study. Human nature is an important part of history ; emotions like passion, greed and insecurity have influenced the shaping of world affair. Anyone who thinks that the study of history is boring has not really studies history.

68. By studying history we can
(A) question the authority (B) repeat mistakes
(C) predict the future (D) avoid mistakes

69. Which method of teaching history would the author of this passage support ?
(A) Analyzing wards and their causes (B) Applying historical events to modern society (C) Using flash cards to remember specific facts (D) Weekly quizzes of dates and events

70. History is all about
(A) maps, information and detailed data (B) memorizing names, dates and places (C) understanding international affairs (D) studying about a broad range of human experience

71. History is not boring because
(A) it is about the mistakes we make (B) it covers both war and peace (C) it studies human nature and culture (D) it is full of historical events

72. What is the main idea of this passage ?
(A) Students should study both national and international history (B) Studying historyhelps us to learn from the past (C) Studying history is not just memorization (D) The role of history is to help students deal with real life

73. Pick out a word from the first paragraph that means the same as 'result'
(A) Outcomes (B) Benefit
(C) Inferences (D) Forces

74. What according to the passage is the duty of human beings ?
(A) To digest knowledge (B) To study correctly (C) To acquires knowledge and develops the mind (D) To make ourselves cultured

75. Mind has been compared to
(A) a perennial spring (B) a bucket
(C) a deep well (D) a deep sea

76. For human beings, their brain is one of the two products of evolution, The other is their
(A) self-culture and knowledge (B) keener sense of sight (C) instinct for living in a society (D) physical strength

77. What is man like if he does not develop and use his brain ?
(A) He is greater than gods (B) He is akin to the motionless statues (C) He is like an angel (D) He is akin to the beasts

**Direction (Qs. 78-83) :** *Read the passage carefully and answer the questions given below :*

A pundit was visiting a remote town. The people of the town worried him every day with invitations for lunch or dinner. 'I will only eat in a house where no one had ever told a lie.' said the pundit. A very rich man stepped up and said, 'Come to my house, Oh Master. No one in my home has ever told a lie.' The pundit accepted the invitation. Before going to the rich man's house, the pundit inquired about the rich man and learned everyday he could about him. Walking along with the rich man, the pundit asked, 'How many children do you have ?' 'Only one son,' replied the rich man. 'The people of this town said he had three sons ! Why is he saying he had only one ? Is he lying ?' Wondered the pundit, 'but I should not be too hasty to judge him. Perhaps he is telling the trugh the truth. Let me wait.' 'How old are you now ?' asked the pundit. 'I am ten years old.' answered the rich man. 'There he goes again ! His hair is grey, his face has wrinkles, he can barely walk, and he says he is only ten years old ! No, No, I should not come to a rushed conclusion, I shall give him one more chance,' decided the pundit. 'How many acres of land do you have ?' asked the pundit.' I have only six feet of land for myself,' said the rich man. 'This is like trying to hide a whole pumpkin in a spoonful of rice !' thought the pundit. 'this man is indeed the king of liars ! How can I eat in his house ? Will it turn me into a liar as well ? Let me see how far he can go.'

When they arrived at the house the rich man told his wife, we have a special guest today so make him your best lunch. I will take him to the lake for a walk. We will be back soon. On their way back from the river, they passed an orchard. The rich man plucked two ripe mangoes, and cut a bunch of ripe bananas. 'Whose orchard belongs to the ones who do not sleep a wink at night, replied the rich man. At the house, the rich man's wife had laid out the lunch. 'Please come and eat' she said. 'I need to clarify a few things first' declared the pundit. 'What is it ?'asked the rich man. 'I know you have three sons, why did you say you had only one ? demanded the pundit. The rich man immediately called for his sons and gave them a task. The eldest and the youngest both said, 'Father, you are forever ordering us around.' Only the middle son promptly agreed to obey. 'Did you see that, Oh Master ?' asked the rich man. 'I do have three sons, but only one of them truly listens to me.' 'Fine, but why did you claim that you were ten years old ?' asked the pundit. 'I am over sixty'. replied the rich man. 'But for the ten years, I have devoted myself to a spiritual life. I believe that it is only then since I have truly lived,' replied the rich man.

Excellent answer applauded the pundit, 'But you won thousands of acres of fertile land. Why did you claim to have only six feet ?' 'I have acquired thousands of acres of land, I did every trick in the trade to become rich, but it has only made my sons proud and arrogant. What use is all this wealth to me? When I die, the six feet of land where I will be buried is all that will truly be mine,' said the rich man.

The pundit sat to eat. As he was taking his leave : he asked the rich man, 'What did you mean when you said the orchard belongs to the ones who do not sleep a wink at night ?' 'I do own to orchard and work hard tending to my trees, but at night, I am so tired that I fall asleep. Meanwhile the thieves, who stay awake all night, steal most of my yield. So in the truth the orchard belongs to them' said the rich man.

78. On what condition did the pundit agree to invitations for lunch or dinner?
(A) He would only eat from a rich man's plate (B) He would only eat in a house where no one had lied (C) He would eat in a house that cooked only vegetarian food (D) He would only eat from a banna leaf

79. Which of the following is said to be true of the rich man ?
I. The rich man had three sons.
II. The rich man was fifty years old.
III. The rich man owned vast acres of land.
(A) Only I (B) Only II (C) Only III (D) Only I and III

80. What was the rich man trying to imply when he said that he was only ten years old ?
(A) He had a near death experience ten years ago (B) The rich man was trying to appear younger than his actual age (C) He had truly lived only after he devoted himself of spiritual life (D) The rich man was trying to convey his innocence to the pundit

81. In the passage, why did the rich man say that he had only six feet of land, when he owned the whole orchard ?
(A) He did not want the pundit to know tht the orchard belongs to him (B) The orchard as distributed equality among his sons and he had only six feet for himself (C) He believed that when he died, he would have only six feet of land that would truly be his (D) The land that was productive in the whole orchard was only six feet long

82. In the passage, what did the pundit imply by saying the phrase trying to hide a pumpkin in a spoonful of rice ?
I. That only pumpkin and rice were served from dinner.
II. That the rich man was a liar.
III. That the rich man grew only pumpkins in the orchard.
(A) Only I (B) Only II (C) Only III (D) Only II & III

83. What did the rich man mean he said that the orchard belongs to the ones who do not sleep a wink at night ?
(A) The orchard belonged to his sons who looked after it (B) The orchard belonged to the thieves who robbed from it (C) The owls looked after the orchard during the night (D) The orchard belonged to the neighbours

**Direction (Qs. 84-88) :** *Read the passage given below and answer the questions that follow by choosing the most appropriate option.*

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা পদের এবছরের সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর

Each sentence below has a blank/s; each blank indicated that something has been omitted. Choose the word/s that best fit(s) the meaning of the setence as a whole.

84. Sunita had ______ been out of the hospital ______ she slipped and fractured her arm.
(A) hardly, when (B) just, as (C) well, and (D) then, when

85. During the strike, all work at the factory came to a ______.
(A) stoppage (B) close (C) decline (D) halt

86. A parable is a story with a moral, the story being ____ of the underlying moral.
(A) familiar (B) identical
(C) irrelevant (D) illustrative

87. Jason promised to ____ an attempt to get better grades this year.
(A) give (B) make
(C) take (D) keep

88. The teachers read ______ the children the story of the 'Titanic'.
(A) also (B) to
(C) again (D) well

**Direction (Qs. 89-90) :** *Choose the word which is most nearly the SAME in meaning.*

89. Close
(A) Near (B) Best
(C) determined (D) Secure

90. Route
(A) Road (B) Lane
(C) Path(D) Side

## MATHEMATICS

91. এক দোকানে 239টি খেলনা রয়েছে। দোকানে আর 70টি খেলনা আনা হল। সেগুলোর মধ্যে 152টি খেলনা বিক্রি হয়ে পড়ল। অবশিষ্ট খেলনার সংখ্যা কত?
(A) 239 − 70 + 152 (B) 239 + 70 − 152
(C) 239 − 70 − 152 (D) 239 + 70 + 152

92. একটা পেন্সিলের মূল্য 2.5 টাকা। অমিত দেড় ডজন পেন্সিল কিনল আর দোকানদারকে 100 টাকার একটা নোট দিল। ও কত টাকা ফেরত পাবে?
(A) 65 টাকা (B) 30 টাকা
(C) 55 টাকা (D) 45 টাকা

93. 3759 × 9573- য়ের গুণফলে, দশক আর একক অঙ্কের যোগফল কত?
(A) 9 (B) 16 (C) 0 (D) 7

94. 19 হাজার +19 শতক +19 একক ......-য়ের সমান কত?
(A) 20919 (B) 19919 (C) 191919 (D) 21090

95. $\frac{1}{2}$ তে কত $\frac{1}{8}$ রয়েছে?
(A) 4 (B) 2 (C) 16 (D) 8

96. কোন পাত্রের $\frac{1}{4}$ ভাগ করা রয়েছে। যখন সেটার থেকে 45 লিটার জল বার করে নেওয়া হবে... তখন সেটার ঠিক $\frac{1}{5}$ ভাগ জলে ভরা থাকবে। পাত্রের মোট ক্ষমতা কত?
(A) 85 লিটার (B) 75 লিটার (C) 100 লিটার (D) 90 লিটার

97. যদি $2^x + 2^{x+1} + 2^{x+2} + 2^{x+3} = 30$ হয় তাহলে X-য়ের মান বার করুন :
(A) 2 (B) 0 (C) 1 (D) 2

98. যদি রাজ প্রতি ঘণ্টায় 60 কিলোমিটার গতিতে আগ্রা থেকে গয়া গিয়ে প্রতি ঘণ্টায় 40 কিলোমিটার গতিতে ফিরে আসে ...., তাহলে সম্পূর্ণ সফর পুরো করার জন্য তার গড়পড়তা গতি কী হবে?
(A) প্রতি ঘণ্টায় 77 কিলোমিটার
(B) প্রতি ঘণ্টায় 57 কিলোমিটার
(C) প্রতি ঘণ্টায় 48 কিলোমিটার (D) কোনোটাই নয়

99. কোন ব্যক্তি কোন বস্তু 80 টাকায় কিনে সেটার মূল্য 120 টাকা অঙ্কিত করলেন। সেই বস্তু যদি 40% ছাড়ে বিক্রি করা হল, তাহলে তাঁর লাভ বা, ক্ষতি কত হবে?
(A) 12% লাভ (B) 12% ক্ষতি (C) 10% লাভ (D) 10% ক্ষতি

100. যদি $\sqrt{a} + \sqrt{b} = 17$ ও $\sqrt{a} - \sqrt{b} = 1$ তাহলে $\sqrt{ab}$ -র মান কত?
(A) 72 (B) 17
(C) 18 (D) কোনোটাই নয়

101. দুই উত্তরোত্তর ছাড় 20% আর 15% -য়ের সমতুল্য এক ছাড় কত হবে?
(A) 38% (B) 35% (C) 20% (D) 32%

102. উদয়ের বেতন অবশেষের বেতনের থেকে 40% কম। অবশেষের বেতন উদয়ের বেতনের থেকে কত শতাংশ বেশি?
(A) $66\frac{2}{3}$ (B) $33\frac{2}{3}$
(C) 66 (D) 33

103. গণিত শিক্ষার উদ্দেশ্য হল —
(A) ব্যবহারিক (B) কৃষ্টিমূলক
(C) শৃঙ্খলামূলক (D) প্রতিটি সত্য

104. যদি $-\sqrt{24}$ এর মান প্রায় 4.898 হয়, তাহলে $\sqrt{\frac{8}{3}}$ -য়ের মান নীচের বিকল্পগুলোর মধ্যে কোনটার সব থেকে কাছের?
(A) 2.666 (B) 1.333
(C) 1.633 (D) 0.544

105. গণিত পাঠক্রমের একটি নীতি হল —
(A) ভৌগোলিক নীতি নির্ধারণ (B) প্রাকৃতিক বিপর্যয়ের পূর্বাভাস (C) প্রাকৃতিক সম্পদের হিসাবনিকাশ (D) প্রাকৃতিক নিয়মাবলীর উত্তম ব্যাখ্যায় সহায়তা

106. 1 থেকে 100 পর্যন্ত অভাজ্য সংখ্যা কত হবে?
(A) 31 (B) 19
(C) 25 (D) 23

107. এক বছর আগে এক ব্যক্তির বয়স তাঁর পুত্রের বয়সের চার গুণ ছিল। যদি 6 বছর পরে তাঁর আয়ু পুত্রের আয়ুর দ্বিগুণের থেকে 9 বছর বেশি হয় ... তাহলে সেই ব্যক্তির বর্তমান বয়স কত?
(A) 42 বছর (B) 36 বছর
(C) 33 বছর (D) 27 বছর

108. দুধ আর জলের 729 মিলি লিটার মিশ্রণে দুধ আর জলের অনুপাত হচ্ছে 7 : 2. আর কতটা জল ঢালা হলে দুধ আর জলের অনুপাত 7 : 3 হবে?
(A) 710 মিলি (B) 600 মিলি
(C) 520 মিলি (D) 81 মিলি

109. মডেল ব্যবহার কোন ধরণের শিখনের ক্ষেত্রে অধিক উপযোগী?
(A) সাহিত্য (B) বিজ্ঞান
(C) সমাজ বিজ্ঞান (D) শিক্ষা বিজ্ঞান

110. কোন আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 60% বাড়িয়ে দেওয়া হল। সেটার প্রস্থ কত শতাংশ কম করে দিলে মোট ক্ষেত্রফলে কোন পার্থক্য হবে না?
(A) 37.5% (B) 75%
(C) 120% (D) 60%

111. দুটি ট্রেনের গতি ক্রমশ তাহলে ঘণ্টায় 45 কিলোমিটার ও প্রতি সেকেন্ডে 10 মিটার। তাদের গতির অনুপাত কত?
(A) 2 : 9 (B) 9 : 2
(C) 4 : 5 (D) 5 : 4

112. যদি $x = \sqrt{1+\sqrt{1+\sqrt{1+\sqrt{1+...}}}}$ হয়.... তাহলে-এর ধনাত্মক মান কত?
(A) $\frac{\sqrt{7}+1}{2}$ (B) $\frac{\sqrt{6}+1}{2}$
(C) $\frac{\sqrt{3}+1}{2}$ (D) $\frac{\sqrt{5}+1}{2}$

113. যদি $\frac{a}{3} = \frac{b}{4} = \frac{c}{7}$ হয়... তাহলে $\frac{a+b+c}{c}$ -এর মান কত হবে ?
(A) 0 (B) 1 (C) 2 (D) 3

114. এক আয়তক্ষেত্রের পরিমিতি 78 মিটার আর সেটার ক্ষেত্রফল 350 বর্গ মিটার। সেটার দৈর্ঘ্য কত হবে?
(A) 21 মিটার (B) 24 মিটার
(C) 25 মিটার (D) 128 মিটার

115. যদি $a + \frac{1}{a} = 2$ হয় ∴ তাহলে $a^3 + \frac{1}{a^3}$ -য়ের মান কত হবে?
(A) 2 (B) $2\sqrt{2}$ (C) 6 (D) 8

116. $\frac{573 \times 573 \times 573 + 227 \times 227 \times 227}{573 \times 573 - 573 \times 227 + 227 \times 227}$ -য়ের মান কত হবে?
(A)800 (B) 827 (C) 576 (D) 900

117. কোনটি সঠিক —
(A)


(B)


(C)


(D) কোনোটিই সঠিক নয়

118. শ্রী শর্মা নিজের মাসিক উপার্জনের 30% বাড়ি ভাড়ার ওপরে, 10% বাচ্চাদের শিক্ষার ওপরে ও বাকি অর্থের 50% ভোজন আর জামাকাপড়ের ওপরে খরচ করেন। যদি 3000 টাকাকে ব্যাঙ্কে জমা করা হয়... তাহলে শ্রী শর্মার প্রতি বছরের উপার্জন কত?
(A) 12,000 টাকা (B) 10,000 টাকা
(C) 1,20,000 টাকা (D) 1,40,000 টাকা

119. কোন সংখ্যার আট ভাগের পাঁচ ভাগ অন্য কোন সংখ্যার 50% -য়ের সমান। প্রথম আর দ্বিতীয় সংখ্যার মধ্যে অনুপাত কত হবে?
(A) 5 : 6 (B) 2 : 5 (C) 3 : 4 (D) 4 : 5

## ENVIRONMENTAL STUDIES

120. খাদ্য সিরিজের প্রকরণ পড়ানোর বিদ্যার্থীদের অধিকতম অংশীদারীর জন্য নীচের কোন শিক্ষণ ব্যূহ রচনা সব থেকে প্রভাবশালী হবে?
(A) ব্ল্যাকবোর্ডে লেখা বিভিন্ন খাদ্য সিরিজের সকল উদাহরণ দেখে বিদ্যার্থীদের লেখার জন্য বলা (B) জীবেদের প্লে-কার্ডস বানানো আর বিদ্যার্থীদের সমূহকে বিভিন্ন খাদ্য-সিরিজের চিন্তা করে সেগুলোকে ব্যবস্থিতকরার জন্য বলা (C) বিদ্যার্থীদের বিভিন্ন বাসস্থানে চলতে থাকা সম্ভাবিত খাদ্য-সিরিজের অনুসন্ধান করার জন্য বলা (D) বিদ্যার্থীদের ইন্টারনেট থেকে সম্বন্ধিত তথ্য একত্রিত করার জন্য বলা

121. পরিবেশ অধ্যয়নের শিক্ষিকা 'বায়ু' প্রকরণ পড়ানোর সময় এটা প্রদর্শিত করতে চাইলেন যে, বায়ুতে ওজন থাকে আর সেটা জায়গা ঘিরে থাকে। ওনার সহযোগী এই উদ্দেশ্যর জন্য ওনাকে নীচের চার আলাদা আলাদা গতিবিধির পরামর্শ দিলেন —
I. খালি ওল্টানো বীকারকে জলের তলদেশের ওপরে রাখা আর তারপর সেটাকে নীচের দিকে ধাক্কা দেওয়া।
II. স্ট্রয়ের মাধ্যমে জুস টানা।
III. বেলুনে হাওয়া ভরা।
